বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(বিশেষ মূল অধিক্ষেত্র)

রীট পিটিশন নং ১৬৮৩/২০১৪

বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা)

---- দরখাস্তকারী।

-বনাম-

বাংলাদেশ সরকার ও অন্যান্য

---- প্রতিপক্ষগণ।

এ্যাডভোকেট ফিদা এম, কামাল

এ্যাডভোকেট সৈয়দা রিজওয়ানা হাসান

এ্যাডভোকেট মিনহাজুল হক চৌধুরী

এ্যাডভোকেট আলী মোস্তফা খান

এ্যাডভোকেট সাইদ আহমেদ কবির

---- দরখাস্তকারী পক্ষে।

এ্যাডভোকেট মুরাদ রেজা সংগে

এ্যাডভোকেট এহসানুল করিম

এ্যাডভোকেট মজিবুল হক ভুইয়া

এ্যাডভোকেট এ, আল মাসুদ বেগ

---- ১২নং প্রতিপক্ষ পক্ষে।

এ্যাডভোকেট আবু তালেক

---- ১১নং প্রতিপক্ষ পক্ষে।

এ্যাডভোকেট মোঃ শাহরিয়ার কবির

---- ৬নং প্রতিপক্ষ পক্ষে।

এ্যাডভোকেট ওয়ায়েস আল হারুনী, ডেপুটি এটর্নী জেনারেল সংগে

এ্যাডভোকেট আশেক মোমিন, ডেপুটি এটর্নী জেনারেল

এ্যাডভোকেট ইলিন ইমন সাহা, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভেকোট সায়রা ফিরোজ, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভোকেট মাহফুজুর রহমান লিখন, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভোকেট হাফিজুর রহমান, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভোকেট আফিফা বেগম, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভোকেট লাকী বেগম, সহকারী এটর্নী জেনারেল

---- ১৩নং প্রতিপক্ষ পক্ষে।

উপস্থিতঃ

বিচারপতি মোঃ আশরাফুল কামাল

এবং

বিচারপতি রাজিক আল জলিল

শুনানীর তারিখ ঃ ০৫.০৩.২০২০, ০৮.১১.২০২০
এবং রায় প্রদানের তারিখ ঃ ০২.১২.২০২০।

বিচারপতি মোঃ আশরাফুল কামালঃ

বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা) কর্তৃক সংবিধানের অনুচ্ছেদ ১০২ (২) মোতাবেক অত্র রীট পিটিশনটি দাখিল করলে অত্র বিভাগ কর্তৃক শুনানী অন্তে রুলটি ইস্যু করা হয়েছিল যা অবিকল নিম্নে অনুলিখন হলোঃ-

"Let a Rule Nisi be issued calling upon the respondents to show cause as to why they shall not be directed to protect the agricultural lands, wetlands, low lands of Pirojpur, Jainpur, Chhoehishya, Char Bhabanathpur, Bhatibanda and Ratanpur Mouzas of Pirojpur Union, Sonargoan Upazilla, Narayangonj from unauthorized earth filling by respondent no. 11 for its so-called Sonargaon Resort City and further to prevent the aforesaid Area from further earth filling by the said respondent no.11 and also to assess the demage caused to the villages by earth-filling already done (Annexures-C, E and F-1) and also why they shall not be directed to realize the compensation for the villagers from the said respondent no.11 and/or pass such other or further order or orders as to this Court may seem fit and proper.

The Rule is made returnable within 04(four) weeks from date.

Pending hearing of the Rule, the respondent no.11 (Managing Director, Unique Property Development Limited, 45 Kamal Ataturk Avenue, Banani, Dhaka) is hereby restrained by an order of injunction from continuing with further earth-filling in the Area as mentioned hereinabove. The respondents no.1 to 10 are directed to monitor and ensure as to the compliance of this order by respondents no. 11.

In the meantime, the respondents are further directed to take necessary steps for removal of the sands/earth from the agricultural lands, wetlands, part of

the Meghna river in Char Bhabanathpur and Bhatibanda mouzas of Sonargaon Upazilla (Annexures-C, E and F-1) filled up for the so-called Sonargaon Resort City and thereby restore the said lands in their original position and also to remove all advertising materials for the Sonargaon Resort City from the website (Annexure-K-1) and then submit a report about the compliance of this order within 4(four) weeks from the date of receipt of this order.

Let the notice of this Rule be served upon the respondents in usual course and also by registered post immediately on two sets of requisites being put in within 72 hours."

রুলটি নিষ্পত্তিতে ঘটনার সংক্ষিপ্ত বিবরণ এই যে,

সোনারগাঁও ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড (১১নং প্রতিপক্ষ) নারায়নগঞ্জ জেলাধীন সোনারগাঁও উপজেলাস্থ পিরোজপুর ইউনিয়নের পিরোজপুর, জৈনপুর, চরহিস্যা, চরভবনাথপুর, ভাটিয়াবান্দা এবং রতনপুর মৌজার কৃষিজমি, নীচুজমি এবং জলাভূমি অবৈধভাবে এবং বেআইনীভাবে বালু দিয়ে ভরাট করে পরিবেশের ব্যাপক ক্ষতি করে চলেছে। ফলে ১১নং প্রতিপক্ষকে কৃষিজমি, নীচুজমি এবং জলাভূমি বেআইনীভাবে বালু ভরাট করা থেকে স্থায়ীভাবে নিষেধাজ্ঞার আদেশ চেয়ে এবং ইতোমধ্যে উক্ত ১১নং প্রতিপক্ষ কর্তৃক বালু ভরাটের মাধ্যমে গ্রামবাসীর যে ক্ষতি করেছে তা নির্নয় করে তা গ্রামবাসীদের প্রদানের ব্যবস্থা করে নির্দেশ চেয়ে অত্র মোকদ্দমাটি সংবিধানের অনুচ্ছেদ ১০২(২) মোতাবেক দাখিল করে রুলটি প্রাপ্ত হন।

১১নং প্রতিপক্ষ মোকদ্দমায় হলফান্তে লিখিত জবাব দাখিল করেন। পক্ষভুক্তির দরখাস্ত দাখিলক্রমে ১২ ও ১৩নং প্রতিপক্ষ পক্ষভুক্ত হয় এবং লিখিত জবাব দাখিল করে।

দরখাস্তকারী পক্ষে সিনিয়র এ্যাডভোকেট ফিদা এম, কামাল এবং এ্যাডভোকেট সৈয়দা রিজওয়ানা হাসান বিস্তারিত ভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন। ৬নং প্রতিপক্ষ পক্ষে এ্যাডভোকেট মোঃ শাহরিয়ার কবির যুক্তিতর্ক উপস্থাপন করেন। ১১নং প্রতিপক্ষ পক্ষে এ্যাডভোকেট আবু তালেব ১২নং প্রতিপক্ষের যুক্তিতর্ক সমর্থন করেন। ১২নং প্রতিপক্ষ পক্ষে এ্যাডভোকেট মুরাদ রেজা এবং এ্যাডভোকেট এহসানুল করিম বিস্তারিত ভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন। ১৩নং প্রতিপক্ষ পক্ষে ডেপুটি এর্টনী জেনারেল এ্যাডভোকেট আশেক মোমিন বিস্তারিত ভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন।

অত্র রীট পিটিশন, অতিরিক্ত হলফনামাসমূহ এবং এর সাথে সংযুক্ত সকল সংযুক্তি পর্যালোচনা করলাম। ১১নং প্রতিপক্ষ পক্ষে দাখিলকৃত লিখিত জবাব এবং এর সাথে সংযুক্ত সকল সংযুক্তি পর্যালোচনা করলাম। ১২নং প্রতিপক্ষ কর্তৃক দাখিলকতৃ লিখিত জবাব এবং এর সাথে সংযুক্ত সকল সংযুক্তি পর্যালোচনা করলাম। বিজ্ঞ এ্যাডভোকেটগণের যুক্তিতর্ক শ্রবণ করলাম।

গুরুত্বপূর্ণ বিধায় সোনারগাঁও উপজেলা প্রশাসন এর সকল গুরুত্বপূর্ণ চিঠিপত্র, পরিবেশ অধিদপ্তরের গুরুত্বপূর্ণ চিঠিপত্র, হাইকোর্ট বিভাগের সকল আদেশসমূহ, কনটেম্পট পিটিশনের আদেশসমূহ এবং মাননীয় আপীল বিভাগের আদেশসমূহ, ২০০৯ সাল থেকে অদ্য পর্যন্ত ক্রমানুসারে অবিকল নিম্নে অনুলিখন হলোঃ

২০০৯ সাল

গুরুত্বপূর্ণ বিধায় উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁও, নারায়নগঞ্জ কর্তৃক ইস্যুকৃত বিগত ইংরেজী ৩০.০৭.২০০৯ তারিখের পত্রটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলার নির্বাহী অফিসারে কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

স্মারক নং সোউনিজ/ প্রশা (সং)২৯/০৯... (০৫) তারিখ- ৩০/০৭/০৯

বিষয়ঃ আবাদী জমি জোরপূর্বক দখল ও খালি ভরাট অভিযোগের শুনানীতে হাজির থাকা প্রসংগে।

জনাব মোঃ এনায়েত উল্লাহ মোল্লা গং পিরোজপুর পূব পশ্চিম কামারগাঁও গ্রামের ২টি ইরি স্কীমের প্রায় ৩০০ বিঘা জমি ইউনিক প্রপার্টি ডেভেলপমেন্ট কোম্পানী লিঃ এর পক্ষে বালু ভরাটের অভিযোগ দাখিল করেছেন।

অভিযোগ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের সার্ভেয়ার ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা হোসেনপুর তদন্ত প্রতিবেদনে দেখা যায় যে, ইউনিক প্রপার্টি ডেভেলপমেন্ট কোম্পানী লিঃ এর পক্ষে এস ভি মোহাম্মদ নূর আলী, ৪৫ কামাল আতার্তুক এভিনিউ বনানী ঢাকা কর্তৃক চরভবনাথপুর মৌজায় আর এস দাগ নং ৫০৫,৫০৬,৫০৭,৫০৮,৫০৯,৫১০,৫১১,৫১৭,৫১৮,৫১৯, এবং ৬৪৭, ৬৪৮, ৬২৮, ৬২৯, ৬৩০,৬৩১, সম্পত্তি ৫ (পাঁচ)টি ড্রেজারের মাধ্যমে বালি ভরাট করছেন। ঠিকাদার হিসেবে নিয়োজিত রয়েছেন (১) মোঃ জাকির হোসেন পিতা-মতাজউদ্দিন (২) নোয়ার মিয়া, পিতা-মহবব্ত আলী, সর্বসাং জৈনপুর, পিরোজপুর।

বর্ণিত অবস্থায় বিবেচ্য অভিযোগ ইউনিক প্রপার্টি ডেভেলপমেন্ট কোম্পানী লিঃ কর্তৃক মাটি ভরাট, ভূমির মালিকানা ও মাটি ভরাটে অভিযোগকারীদের ক্ষতিগ্রস্তভার বিষয়ে আগামী ০৩/০৮/০৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এক শুনানী অনুষ্ঠিত হবে। শুনানীতে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(নুসিরা কমল)
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

প্রাপক

১। মোহাম্মদ নূর আলী
ব্যবস্থাপনা পরিচালক
ইউনিক প্রপার্টি ডেভেলপমেন্ট কোম্পানী লিঃ
৪৫ কামাল আতার্তুক এভিনিউ বনানী ঢাকা
২। জনাব মোঃ জাকির হোসেন, পিতা মস্তাজউদ্দিন

৩। নোয়ার মিয়া, পিতা-মহবব্ত আলী, জৈনপুর পিরোজপুর।
৪। জনাব এনায়েত উল্লাহ মোল্লা
গং পিরোজপুর পূর্ব পশ্চিম কান্দার গাঁও
৫।.....

উপরিল্লিখিত পত্র সহজ সরল পাঠে এটা কাঁচের মত স্পষ্ট যে, সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের সার্ভেয়ার ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা হোসেনপুর এর তদন্ত প্রতিবেদন মোতাবেক ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড চরভবনাথপুর মৌজায় ৫ (পাঁচ) টি ড্রেজারের মাধ্যমে বালি ভরাট করছেন হেতু নূসিরা কমল, উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ, নারায়নগঞ্জ, তার কার্যালয়ে বিগত ইংরেজী ০৩.০৮.২০০৯ তারিখে সকাল ১১.০০ টায় উক্ত অভিযোগ ও প্রতিবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কাগজপত্র সহ শুনানীতে উপস্থিত থাকতে অনুরোধ করেন।

২০১১ সাল

গুরুত্বপূর্ণ বিধায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিগত ইংরেজী ২৪.১০.২০১১ তারিখের নোটিশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন
১৬/ই আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe-bd.org

নোটিশ নং-পঅ/মনিঃওএনফোঃ (ইউনিক প্রপার্টিজ লিঃ) ১১১/২০১১/৪০৩ *তারিখ: ০৯.০৭.১৪১৮ বঙ্গাব্দ*
২৪.১০.২০১১ খ্রিস্টাব্দ

বিষয়: বেআইনীভাবে ভূমি ভরাটের মাধ্যমে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের জন্য ক্ষতিপূরণ প্রদান এবং পরিবেশ ছাড়পত্র গ্রহণ ব্যতীত অবৈধ আবাসন প্রকল্পের কাজ বন্ধের নির্দেশ।

এতদ্বারা জানানো যাচ্ছে যে, স্থানীয় এলাকাবাসীর অভিযোগের ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর নির্দেশে পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট কার্যক্রমের আওতায় গত ১১/১০/২০১১ তারিখ মঙ্গলবার বেলা ১২ টায় অত্র দপ্তরের নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের কর্মকর্তা, সোনারগাঁও উপজেলা ভূমি অফিসের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত একটি টীম আপনার মালিকানাধীন সোনারগাঁও রিসোর্ট সেন্টার নামক আবাসন প্রকল্প সরেজমিন পরিদর্শন করে। ***পরিদর্শনে দেখা যায় যে, আপনি পরিবেশ অধিদপ্তরের অবস্থানগত ছাড়পত্র ব্যতীত সোনারগাঁও উপজেলার পিরোজপুর ইউনিয়নের ভাটিবন্ধ ও চরভবনাথপুর মৌজার মেঘনা নদীর তীরবর্তী নীচু জমি/জলাভূমি/কৃষি জমি অবৈধভাবে ভরাট করে আবাসন প্রকল্প নির্মাণ করছেন। এছাড়া ভূমির প্রকৃতি ও শ্রেণী পরিবর্তনের ফলে কৃষি উৎপাদন***

বন্ধ, স্থানীয় জনগণের প্রাকৃতিক সম্পদ আহরণ বাধাঁগ্রস্থ এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। যা আপনার প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থাপিত লিখিত বক্তব্যে দেখা যায়, আপনি বর্ণিত আবাসন প্রকল্পের ৭০.৯৫ একর ভূমি পরিবেশ অধিদপ্তরের অনুমতি ব্যতীত ২,৮৭,২১,০০০ ঘনফুট বালি দ্বারা ভরাট করেছেন।

এমতাবস্থায়, পরিবেশ অধিদপ্তরের অনুমতি গ্রহণ ব্যতীত ভূমি ভরাট এবং অবস্থানগত ছাড়পত্র গ্রহণ ছাড়া ভূমি উন্নয়ন করে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধন করার দায়ে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) ধারা ৭ এর আলোকে প্রাথমিকভাবে ***Environmental Damage Assessment*** *করা হয়েছে। টাকার অঙ্কে যার পরিমাণ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা।*

অতএব, ক্ষতিপূরণ বাবদ উক্ত অর্থ আগামী ২১/১০/২০১১ তারিখ বেলা ১২ টার মধ্যে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা বরাবরে Pay Order মূলে জমাদান, অবিলম্বে বর্ণিত প্রকল্পের ইআইএ প্রতিবেদন দাখিল এবং অবস্থানগত ছাড়পত্র গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অবস্থাগত ছাড়পত্র গ্রহণ না করা পর্যন্ড় প্রকল্পের সমন্ড় কার্যক্রম বন্ধ রাখার জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। এছাড়া ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি জমি হতে অবিলম্বে বালি অপসারণ পূর্বক জমির শ্রেণী পূর্বাবস্থায় ফিরিয়ে আনার জন্য নির্দেশ দেয়া হলো।

(মোহাম্মদ মুনির চৌধুরী)
পরিচালক(মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

প্রাপকঃ
ব্যবস্থাপনা পরিচালক
ইউনিক প্রপার্টি ডেভেলপমেন্ট লিঃ
৪৫, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১২।

অনুলিপিঃ

১। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা। পরিবেশ ছাড়পত্র গ্রহণ ব্যতীত উক্ত আবাসন প্রকল্পের অর্থায়ন ও ঋণ প্রদান কার্যক্রম বন্ধ রাখার জন্য অনুরোধ করা হলো।
২। চেয়ারম্যান, রাজউক, ঢাকা।
৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৫। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।
৬। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ।

৭। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
৮। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁও, নারায়ণগঞ্জ।

উপরিল্লিখিত পত্রটি সহজ সরল পাঠে এটি কাঁচের মত স্পষ্ট যে, ১১নং প্রতিপক্ষ ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড পরিবেশ অধিদপ্তরের অবস্থানগত ছাড়পত্র ব্যতীত সোনারগাঁও উপজেলার পিরোজপুর ইউনিয়নের ভাটিবন্দ ও চরভবনাথপুর মৌজার মেঘনা নদীর তীরবর্তী নীচুজমি/জলাভূমি/কৃষিজমি অবৈধ ভাবে ভরাট করে আবাসন প্রকল্প নির্মান কার্যক্রম করেছিলেন। এছাড়াও ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড তাদের সোনারগাঁও রিসোর্ট সেন্টার নামক আবাসন প্রকল্পের বাস্তবায়নের লক্ষ্যে ভূমির প্রকৃতি ও শ্রেনী পরিবর্তন করে কৃষি উৎপাদন বন্ধ, স্থানীয় জনগনের প্রাকৃতিক সম্পদ আহরন বাধাগ্রস্থ এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার মারাত্মক ক্ষতিসাধন করেছিলেন। ১১নং প্রতিপক্ষ ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড এর প্রতিনিধির উপস্থাপিত লিখিত বক্তব্য মোতাবেক এটি স্বীকৃত ঘটনা যে, উক্ত ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেডের আবাসন প্রকল্পের ৭০.৯৫ একর ভূমি পরিবেশ অধিদপ্তরের অনুমতি ব্যতীত ২,৮৭,২১,৩০ ঘনফুট বালি দ্বারা উক্ত প্রতিষ্ঠান ভরাট করেছিলেন। ফলশ্রুতিতে পরিবেশ অধিদপ্তর ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেডকে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা জরিমানা করেছিলেন। ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড উক্ত অপরাধ স্বীকার করে উক্ত টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছিলেন। অর্থাৎ ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড পরিবেশ ও প্রতিবেশের উপরে বর্নিত সকল অপরাধের দায় নিঃশর্ত ভাবে স্বীকার করেছিলেন। কিন্তু পরিবেশ অধিদপ্তরের উপরিল্লিখিত বিগত ইংরেজী ২৪.১০.২০১১ তারিখের পত্রের নির্দেশ মোতাবেক প্রকল্প সংশ্লিষ্ট EIA প্রতিবেদন দাখিল করেন নাই। অবস্থানগত ছাড়পত্র গ্রহণ করেন নাই। অবস্থানগত ছাড়পত্র গ্রহণ না করা পর্যন্ত প্রকল্পের সকল কার্যক্রম বন্ধ রাখার উপরিল্লিখিত পত্রে সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও, ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড তা না মেনে প্রকল্পের কাজ অব্যাহত রাখেন। ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষিজমি হতে বালি অপসারণপূর্বক ভূমির শ্রেনীর পূর্বাবস্থায় ফেরত প্রদান করেন নাই।

২০১২ সাল

গুরুত্বপূর্ণ বিধায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিগত ইংরেজী ১৫.০১.২০১২ তারিখের পত্রটি অবিকল নিম্নে অনুলিখন হলোঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন
১৬/ই আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe-bd.org

নং-পঅ/মনিঃওএনফোঃ/মেঘনা নদী দখল (ইউনিক প্রপার্টিজ লিঃ) ৫১১/২০১১/৫৭৩

তারিখ: ০২.১০.১৪১৮ বঙ্গাব্দ / ১৫.০১.২০১২ খ্রিস্টাব্দ

বিষয়: মেঘনা নদীর তীর থেকে মাটি/বালি অপসারনে চূড়ান্ত নোটিশ।

সূত্র: *ক) পরিবেশ অধিদপ্তরের নোটিশ নং পঅ/মনি:ওএনফো:(ইউনিক প্রপার্টিজ লিঃ)-৫১১/২০১১/৪৬৭ তারিখ: ২৪/১০/২০১১ ইং*

খ) পরিবেশ অধিদপ্তরের নোটিশ নং পঅ/মনি:ওএনফো(ইউনিক প্রপার্টিজ লিঃ)-৫১১/২০১১/৪০৩ তারিখ: ৮/১২/২০১১ ইং

গ) বি আই ডব্লিউ টি এ'র নথি নং-নব/অপস/২/১৪/৮ম খন্ড/১৫৭৮ তারিখ: ২১/১২/২০১১ইং

এতদ্বারা আপনাকে জানানো যাচ্ছে যে, গত ২৪/১০/২০১১ইং ও ৮/১২/২০১১ইং তারিখে উল্লিখিত স্মারকমূলে মেঘনা নদীর তীর থেকে অবৈধভাবে ভরাটকৃত মাটি/বালি মজুদ/স্তুপ অপসারণপূর্বক নদী তীর অবৈধ দখলমুক্ত করার জন্য আপনাকে নির্দেশ দেওয়া হয়েছিল। উক্ত নির্দেশ মোতাবেক আপনি অদ্যাবধি মাটি/ বালির স্তুপ অপসারণ করেননি।

উল্লেখ্য, ***বি আই ডব্লিউ টি এ হতে প্রাপ্ত তথ্য মোতাবেক আপনি মেঘনা নদীর পশ্চিম তীরে ভাটিবন্দ মৌজার ২৯৩নং দাগ হতে শুরু করে চরভবনাথপুর মৌজার ৫৯৭ নং দাগ পর্যন্ত ২৯৪০ ফুট দীর্ঘ মূল নদী ও তীরভূমির (২৯৪০ ফুট×৯০ ফুট) প্রায় ২,৬৪,৬০০ বর্গফুট এলাকা বাঁশের পাইলিং এর মাধ্যমে মাটি/বালি দ্বারা ভরাট করেছেন। এসব কার্যক্রমের ফলে মেঘনা নদীর নাব্যতা ক্ষুন্ন, নৌপথ সংকুচিত, ভাঙন প্রবণতা বৃদ্ধি,পলিপাতন, জলজ ও মৎস্য সম্পদের ক্ষতি, কৃষি উৎপাদন ব্যাহত, প্লাবন ভূমি বিনষ্ট এবং জীব-বৈচিত্র্যের ক্ষতিসহ মারাত্মক পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতি হচ্ছে।***

এমতাবস্থায়, আপনাকে উক্ত এলাকা থেকে আগামী ২৭/০১/২০১২ তারিখ থেকে মাটি/বালি অপসারণ কার্যক্রম শুরু করে আগামী ১৭/০২/২০১২ তারিখ এর মধ্যে ভরাটকৃত মাটি/বালি অপসারণ করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ দেওয়া হলো। উক্ত আদেশ পালনে ব্যর্থ হলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক অপসারণ ও জব্দ করে নিলামে বিক্রি করা হবে। একইসাথে বাংলাদেশ পরিবেশ সংরক্ষন আইন ১৯৯৫, (সংশোধিত ২০১০) মোতাবেক ফৌজদারি মামলা দায়েরপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ নোটিশ চূড়ান্ত নোটিশ হিসেবে গণ্য হবে।

(মোহাম্মদ মুনীর চৌধুরী)
পরিচালক (মনিটরিং ও এনফোর্সমেন্ট)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ফোন: (০২) ৯১০১৯৯৪

প্রাপক:
ব্যবস্থাপনা পরিচালক
ইউনিক প্রপার্টিজ ডেভেলপমেন্ট লি:
৪৫, কামাল আতাতুর্ক এভিনিউ
বনানী, ঢাকা-১২১২।

অনুলিপি:
১। মহাপরিচালক, পরিবেশ অধিপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁও, নারায়নগঞ্জ
৫। উর্দ্ধতন উপপরিচালক (বওপ) এর দপ্তর, নারায়নগঞ্জ।

উপরিল্লিখিত পত্র সহজ সরল পাঠে এটা কাঁচের মত স্পষ্ট যে, ইউনিট প্রপার্টিজ ডেভেলপমেন্ট লিঃ কর্তৃক অবৈধভাবে নদীর তীর বালু দিয়ে ভরাট করায় তা অপসারন করে নদীতীর অবৈধ দখল হতে মুক্ত করার জন্য বিগত ইংরেজী ২৪.১০.২০১১ এবং ০৮.১২.২০১১ তারিখ পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু উক্ত প্রতিষ্ঠান তা পালন করেনি। সেহেতু বিগত ইংরেজী ২৭.০১.২০১২ তারিখ থেকে ১৭.০২.২০১২ তারিখের মধ্যে সময় বেধে দিয়ে উক্ত প্রতিষ্ঠানকে উক্ত বালি/মাটি অপসারণ করে অবহিত করার জন্য বলা হয়, ব্যর্থতায় পরিবেশ আইন, ১৯৯৫ মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে। ইউনিক প্রপার্টি লিঃ তার দখল কার্যক্রম ২০০৯ সনে শুরু করে ক্রমাগতভাবে স্থানীয় প্রশাসন এবং পরিবেশ অধিদপ্তর এর সকল চিঠি পত্রকে অবজ্ঞা করে ভরাট এবং দখল অব্যাহত রাখে।

উপরিল্লিখিত অবস্থাধীনে সোনারগাঁও উপজেলাধীন পিরোজপুর ইউনিয়নের চারটি ইউনিয়নের বাসিন্দাগণ যখন ইউনিক প্রপার্টি ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড সাথে অসম যুদ্ধে লিপ্ত সে সময় স্থানীয় বাসিন্দাদের এবং কৃষিভূমি, নীচুভূমি এবং জলাভূমি (Wetlands) রক্ষার নিমিত্তে অত্র দরখাস্তকারী অত্র রীট পিটিশনটি দাখিল করলে অত্র বিভাগ বিগত ইংরেজী ০২.০৩.২০১৪ তারিখে অত্র রুলটি ইস্যু করেন। অতঃপর ১১নং প্রতিপক্ষ ওকালতনামা সহকারে Affidavit of compliance দাখিল করলে অত্র বিভাগ বিগত ইংরেজী ১৬.০৯.২০১৪ তারিখে আদেশ প্রদান করেন যা নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

" Present:

Mr. Justice Mirza Hussain Haider
&
Mr. Justice Md. Ataur Rahman Khan

16.09.2014

Mr. M. Iqbal Kabir, Advocate
----For the petitioner
Mr. Md. Abu Taleb, Advocate
---For the respondent No.11

Pursuant to the order dated 02.03.2014 the respondent no.11 files affidavit showing compliance of the direction given by the said order. Let the same be kept with the record for consideration at the time of hearing of the Rule.

Let this Rule appear in the list on 18.09.2014 for compliance to be filed on behalf of the other respondents."

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ১৯.১০.২০১৪ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*19.10.2014*

Mr. Md. Zakir Hossain Ripon, A.A.G.

--------for the respondents

The heaing of this matter is adjourned for this week as prayed for."

B.O.(M.H. Haider
&
Md. Ataur Rahman Khan, J.J.)

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ০৯.১১.২০১৪ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*Present:*
Mr. Justice Mirza Hussain Haider
&
Mr. Justice Md. Ataur Rahman Khan

09.11.2014

Mr. M. Iqbal Kabir, Advocate

----For the petitioner

Mr. Al Amin Sarkar, D.A.G.

---For the respondents

On the prayer of the learned Deputy Attorney General 03(three) days time is allowed to file affidavit of compliance on behalf of respondents no.1,2,6,8 and 9 pursuant to order dated 02.03.2014.

Let this Rule appear in the list on 13.11.2014 for order.."

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ২৩.১১.২০১৪ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*Present:*

Mr. Justice Mirza Hussain Haider

&

Mr. Justice Md. Ataur Rahman Khan

23.11.2014
Mr. M. Iqbal Kabir, Advocate
----For the petitioner
Mr. Ahsanul Karim with
Mr. Md. Abu Taleb, Advocates
----for respondents no.11
Mr. Al Amin Sarker, DAG
-----for respondent nos. 3,5,7 & 10

Pursuant to Order dated 02.03.2014, the respondent no.11 i.e. the concerned company, who undertook the project, filed affidavit of compliance earlier stating that they have abondoned the project and removed the advertising materials from the Website and also removed the sands/earth which were used for filling up the waterbody but due to rainy season the entire removal of the sands/earth from the project site could not be concluded, as such the respondent no.11 prayed for three months' time before the concerned authority for completion of the removal work which appears to have been admitted by the respondents no. 6, 8 and 9 from their affidavit of compliance filed on 20.11.2014.

The contention of the respondent no.11 as to abondoning the project and the removal of the sands/earth from the waterbody and also withdrawal of the advertisement made in the website are admitted by the authority.

The respondent no.8, by Annexure-X-1 to affidavit of compliance admitted the action taken by the respondent no. 11 pursuant to the order dated 02.03.2014 and he also admitted that due to heavy rain the entire work of removal of sands/earth could not be concluded and as such the respondent no.11 prayed for three months' time from the authority.

Today also, the respondnet no.11 files an application before this Bench praying for three month's time to file full compliance of order dated 02.03.2014 dry season has already been started.

Heard the learned Advocate and perused the affidavit of compliance and the application filed by the respondent no.11

Considering the facts that the respondents no.11 has complied most of the directives of this Court and is continuing to remove the sands/earth used for filling up the waterbody but due to rainy season the removal work could not be concluded, the prayer is allowed.

Accordingly, the application filed by the respondent no.11 is allowed. The respondent no.11 is directed to remove all the sands/earth used for filling up the waterbody for establishing the so-called "Sonargaon Resort City" in the Megna River, within three months from date without fail. The respondent no.8 is directed to be vigilent in respect of compliance of the order dated 02.03.2014 by the respondent no.11.

The respondents no.8 and 11 are further directed to file compliance before this Court on 01.03.2015 regarding full compliance of the order dated 02.03.2014.

Let this Rule appear in the list on 01.03.2015."

উপরিল্লিখিত আদেশ মোতাবেক এটি কাঁচের মত স্পষ্ট যে, ১১নং প্রতিপক্ষ আদালতে এসে হলফনামাযোগে জবাব দাখিলক্রমে পরিস্কারভাবে তাদের গৃহীত প্রকল্প পরিত্যাক্ত তথা পরিত্যাগ করেছেন মর্মে বলেছেন এবং অবৈধভাবে ভরাটকৃত বালু উত্তোলন শুরু করার পর বর্ষাকাল আরম্ভ হওয়ার কারণে তা সম্পন্ন করিতে পারেন নাই বিধায় ০৩ (তিন) মাসের সময় প্রার্থনা করেছেন।

২০১৬ সাল

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ২৫.১০.২০১৬ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*Present:*
Mr. Justice Naima Haider
&
Mr. Justice ----(illegible)

25.10.2016

"*Mr. Ahsanul Karim with*
Mr. Md. Abu Taleb, Advocates
----for respondents no.11
Mr.A.M. Amin Uddin, with
Mr. Ali Mustafa Khan, Advocates

-----for the petitioner

This is an application for vacating the order of injunction filed by the respondent no.11.

This Court by order dated 02.03.2014 issued a Rule Nisi and passed an order of injunction.

Mr. Ahsanul Karim, the learned Advocate for the applicant-respondent no.11 submits that the respondent No.11 fully complied with the direction of this Court and cancelled the project of Sonargaon Resort City. Thereafter, the respondent No. 11 vide letter dated 02.04.2014 informed all relevant authorities including Deputy Commissioner, Narayangonj, Secretary Ministry of Forest and Environment and Director (Monitoring and Enforcement). that the respondent No.11 cancelled the said project of Sonargaon Resort City long before. He next submits that the office of Upazilla Nirbahi Officer (UNO) of Sonargaon Upazilla vide Memo dated 20.07.2014 confirmed that the respondent No.11 complied with the direction of this Court.

Mr. Karim further contends that currently one Unique Hotel and Resort Ltd. applied for establising an economic zone under the name and style "Sonargaon Economic Zone" at the said area where the Bangladesh Economic Zones Authority vide memo dated 24.05.2016 selected the proposal of Unique Hotel and Resort Ltd. for establishing Sonargaon Economic Zone as a private economic zone at Sonargaon, Narayangonj. He next submits that the Office of Prime Minister, Bangladesh Economic Zone Authority of the Government of Bangladesh vide memo 24.08.2016 issued pre-qualification license infavour of the Sonargaon Economic Zone and the office of the Prime Minist vide memo dated 25.09.2016 allowed the said Sonargaon Economic Zone for uplifting sand from river bed and making earth-filling on the land owned by it by the riverbank Meghna. Mr. Karim lastly canvassed that respondent no.11 has complied with the order of this Court and is not making earth-filling in the said place but the said Unique Hotel and Resorts Ltd. has obtained permission for earth-filling for establishing economic zone thereon, wherein the Government of Bangladesh has interest for the betterment of the economy of the country.

Mr. A.M. Amin Uddin, the learned Advocate for the petitioner opposes the prayer for modification of the injunction and direction and submits that the writ petition has been filed to protect agricultural lands, part

of the Meghna river and water body of 6 Mouzas of Pirojpur Union Sonargaon Upazial Narayangonj from contrary use and illegal earth filling by respondent no. 11. He further submits that the selection of the proposal and the pre-qualification license infavour of Unique Hotel and Resort Ltd. (admittedly the sister concern of the respondent of 11 and apparently engaged in hotel and resort business) are not results of any objective analysis of the proposal and the same are not conclusive.

We have heard the learned Adovcates of the respective parties and perused the application for vacating the order of injunction.

Considering the above fact and circumstances and the submissions made by Mr. Karim it appears that the order dated 02.03.2014 has been complied with and in this view of the matter since the Government has taken decision to setup an economic zone thereon, we are inclined to allowe the application with modification.

In result, the application for vacating the order of injuction and direction is modified in the following terms:

Pending hearing of the Rule, the respondent No.11 applicant its sister concern namely Unique Hotel & Resorts Limited be allowed to carry on its activities for and/or connecting to establishing Sonargaon Economic Zone as approved by the Government under Pre-Qualification Letter No. 03.759.014.50.00.055.2016-1526 dated 24.08.2016 (Annexure-IX) in Mouza Charbhabanathipur and Bhatibandha

in Sonargaon Upazila of Narayanganj District including earth filling excepting land which is prohibited by law, including any water body (Sm¡nu) for a period of 6 (six) months from date.

উপরিল্লিখিত আদেশ পর্যালোচনায় এটি স্পষ্ট প্রতীয়মান যে, ১১নং প্রতিপক্ষ বিগত ইংরেজী ২৩.১১.২০১৪ তারিখ অত্র বিভাগের সম্মুখে এসে প্রকল্প পরিত্যাগ বিষয়ে আদালতকে অবহিত করেন এবং ভরাটকৃত বালু উত্তোলনের নিমিত্তে সময় প্রার্থনা করেন। কিন্তু কি এক অজানা কারণে ১১নং প্রতিপক্ষ বিগত ইংরেজী ২৫.১০.২০১৬ তারিখে তার পূর্বের অবস্থান পরিবর্তন করেন।

সোনারগাঁও ইকনোমিক জোন এর জন্য আবেদন করলে বিগত ইংরেজী ২৪.০৮.২০১৬ তারিখে ১১নং প্রতিপক্ষ Pre-qualification licence প্রাপ্ত হন। বিগত ইংরেজী ২৫.০৯.২০১৬ তারিখে সোনারগাঁও ইকনোমিক জোন নদীর তলদেশ থেকে বালি উত্তোলন করে মাটি ভরাটের অনুমতি প্রাপ্ত হন। ইকনোমিক জোনের গুরুত্ব বিবেচনায় কৃষিজমি, জলাশয় এবং আইন দ্বারা নিষিদ্ধ জমি ছাড়া মৌজা চরভবনাথপুর এবং ভাটিয়াবান্দা মাটি ভরাটের অনুমতি প্রদান করেন আদালত।

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ০৬.১২.২০১৬ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*Present:*
Mr. Justice Md. Ashfaqul Islam
&
Mr. Justice Md. Khasruzzaman

06.12.2016
Mr. Ahsanul Karim with
Mr. Md. Abu Taleb, Advocates
----For the applicant
This is an application for addition of party as respondent in the above mentioned writ petition.
The reasons stated in paragraph Nos. 3-6 of the application for addition of party appear to be satisfactory.
Accordingly, the application is allowed. Applicant is allowed to be added as respondent in the writ petition.
Office is directed to take necessary steps in this regard."

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ০৬.১২.২০১৬ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*Present:*
Mr. Justice Md. Ashfaqul Islam
&
Mr. Justice Md. Khasruzzaman

06.12.2016
Mr. Ahsanul Karim with
Mr. Md. Abu Taleb, Advocates
----For the applicant
This is an application for addition of party as respondent in the above mentioned writ petition.
The reasons stated in paragraph Nos. 6-9 of the application for addition of party appear to be satisfactory.
Accordingly, the application is allowed. Applicant is allowed to be added as respondent in the writ petition.
Office is directed to take necessary steps in this regard."

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকে'র কার্যালয়, নারায়ণগঞ্জ
(রাজস্ব শাখা)
www.narayanganj.gov.bd

স্মরাক নং-০৫.৪১.৬৭০০.৩০১.২১.০০৪.১৬.১১০১(সং)/১ তারিখ: ০২/১০/২০১৬ইং

বিষয়ঃ সোনারগাঁ ইকোনমিক জোন ভরাট করতে বালু উত্তোলন করার অনুমতির আবেদন প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা স্মারক নং-০৩,৭৫৯, ০১৪. ৫০.০০. ০৫৫. ২০১৬-১৮৫৪ তারিখ ঃ ২৫/০৯/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোহাঃ নূর আলী, ব্যবস্থাপনা পরিচালক, সোনারগাঁ ইকোনমিক জোন কর্তৃক তাঁর কার্যালয়ে দাখিলকৃত সোনারগাঁ ইকোনমিক জোনের আওতাধীন, পিরোজপুর ইউনিয়নের ভাটিবন্ধ ও চরভবনাথপুর মৌজায় মেঘনা নদীর পাড়ে বালু ভরাট করা আবেদনের বিষয়ে বিধি মোতাকে সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে তাঁর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে এ বিষয়ে বাংলাদেশ এনভায়রনমেন্টাল লইয়ারস এসোসিয়েশন (বেলা) কর্তৃক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ১৬৮৩/১৪ নং রীট পিটিশনে সোনারগাঁ উপজেলার পিরোজপুর ইউনিয়নের অন্তর্ভূত পিরোজপুর, জৈনপুর, ছয়হিস্যা, চরভবনাথপুর , ভাটিবন্ধ এবং রতনপুর মৌজায় মেঘনা নদীর পাড়ে বিস্তীর্ণ কৃজিমি, জলাভূমি, নিচু জমিতে বালু ভরাট কার্যক্রম বন্ধ রাখার জন্য ম্যানেজিং ডিরেক্টর, ইউনিক প্রপার্টিজ লিঃ কে নিষেধাজ্ঞার আদেশ দ্বারা বারিত করা হয়েছে এবং একই সাথে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব ও জেলা প্রশাসক, নারায়ণগঞ্জসহ ১১ জন রেসপনডেন্টগণের প্রতি চরভবনাথপুর ও ভাটিবন্ধ মৌজায় কৃষিজমি, জলাভূমি এবং

মেঘনা নদীর কিছু অংশ থেকে ভরাটকৃত (যদি হয়ে থাকে) বালি/মাটি অপসারণক্রমে পূর্বাস্থায় ফিরিয়ে আনার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের ১৬৮৩/১৪ নং রীট মামলার নিষেধাজ্ঞার প্রেক্ষিতে জনাব মোহঃ নূর আলী, ব্যবস্থাপনা পরিচালক, সোনারগাঁ ইকোনমিক জোন এর আবেদন বিবেচনা করার কোন সুযোগ নেই এবং আবেদনকারীকে জরুরি ভিত্তিতে মহামান্য হাইকোর্টের নির্দেশ প্রতিপালন করার নির্দেশ দানের জন্য সবিনয় অনুরোধ করা হ'ল।

সংযুক্তি ঃ ০৩ (তিন) পাতা।

(রাব্বী মিয়া)
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।
ফোন ঃ ৭৬৪৬৬৪৪ (অঃ)

তারিখ ঃ ০২/১০/২০১৬ খ্রিস্টাব্দ

নির্বাহী চেয়ারম্যান
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়, বিডিবিএল ভবন
১২, কারওয়ান বাজার, ঢাকা।

স্মরাক নং-০৫.৪১.৬৭০০.৩০১.২১.০০৪.১৬.১১০১/১(সং)/১(৪)

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

অনুলিপি ঃ কার্যার্থে
০১। উপজেলার নির্বাহী অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
০২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
০৩। অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা, নারায়ণগঞ্জ।
০৪। জনাব মোহাঃ নূর আলী, ব্যবস্থাপনা পরিচালক, সোরাগাঁ ইকোনমিক জোন, প্লট নং-০১, সি ডাব্লিউ এন (বি), রোড নং-৪৫,

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ

২০১৭ সাল

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ০৫.০২.২০১৭ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"05.02.2017
Mr. M. Iqbal Kabir, Advocate
--for the petitioner
Mr. Ahsanu Karim, Advocate
---for the respondent
The applicationfor addition of party be kept with the record considering at the time of hearing.

B.O (Mr. Justice Md. Ashfaqul Islam
&
Mr. Justice Ashish Ranjan Das)

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ০৯.০২.২০১৭ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"09.02.2017

Heard-in-part

B.O (Mr. Justice Md. Ashfaqul Islam
&
Mr. Justice Ashish Ranjan Das)

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ১১.০৫.২০১৭ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*11.05.2017*

Heard-in-part

B.O (Mr. Justice Md. Ashfaqul Islam
&
Mr. Justice Ashish Ranjan Das)

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ১২.০৭.২০১৭ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*12.07.2017*

Heard-in-part

B.O (Mr. Justice Md. Ashfaqul Islam
&
Mr. Justice Ashish Ranjan Das)

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ১৯.১০.২০১৭ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

"*19.10.2017*

Delivery of judgment is made CAV.

B.O (Mr. Justice Md. Ashfaqul Islam
&
Mr. Justice Ashish Ranjan Das)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

খাস জমি ১

স্মারক নং ৩১.০০.০০০০.০৪২.০৪১.৩৩.১৭ তারিখ: ২৩/০৫/২০১৭ইং

বিষয়: ইকোনমিক জোন লি: এর নামে ৩৬০ একর জমির মালিকানা স্বত্ব অর্জন ও উহার দখলে রাখার অনুমোদন প্রদান সংক্রান্ড়।

সূত্র: তাঁর স্মারক নং ০৫.৪১.৬৭০০.৩০১.২১.০০৩.১৬-৫০০ তারিখ ২৬/০৪/২০১৭ খ্রি.

উপযুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রস্ড়াব ও সুপারিশের প্রেক্ষিতে Bangladesh Land Holding Limitation Order, 1972 এর ৪ ধারার আলোকে নারায়নগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলাধীন পিরোজপুর ইউনিয়নের চর ভবনাথপুর ও ভাটিবন্দ মৌজায় ইকোনমিক জোন হিসেবে ঘোষিত সোনারগাঁও ইকোনমিক জোন লি: কর্তৃক ৩৬০ একর জমি নিম্নবর্ণিত শর্তে জমির নিরঙ্কুশ মালিকানা স্বত্ব অর্জন ও উহা দখলে রাখার বিষয়ে সরকার সিদ্ধান্ড়গ্রহণ করেছে:

ক) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল নীতি পুঙ্খানুপুঙ্খ রূপে অনুসরণ করতে হবে।
খ) জমি ক্রয়ের ক্ষেত্রে ভূমি মালিকদের ন্যায্য মূল্য নিশ্চিত করতে হবে।
গ) কোন প্রকার জোর জবরদস্ড়ি ব্যতীত আপোষ মুলে ভূমি মালিকদের কাছ থেকে জমি খরিদ করতে হবে।
ঘ) আইন শৃঙ্খলা পরিস্থিতির বিঘ্ন না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।
ঙ) পরিবেশের ভারসাম্য নষ্ট হয় এমন কোন অবকাঠামো নির্মাণ করা যাবে না।
চ) পাবলিক ইজমেন্ট কোন ভাবেই বাঁধাগ্রস্থ করা যাবে না।
ছ) বর্ণিত জমি যে উদ্দেশ্যে ক্রয় করা হবে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন ভাবে ব্যবহার করা যাবে না।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে বিধিমোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা/-
(মোঃ লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৬৩৯

জেলা প্রশাসক

নারায়ণগঞ্জ

স্মারক নং ৩১.০০.০০০০.০৪২.০৪১.৩৩.১৭-১৫০/১(৩) তারিখ: ২৩/০৫/২০১৭ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ড়সচিব, ভূমি মন্ত্রণালয়।

৩। জনাব মোহাঃ নুর অলী, ব্যবস্থাপনা, পরিচালক, সোনারগাঁ ইকোনমিক জোন লিঃ ৪৫ কামাল আতার্তুক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।

৪। অফিস কপি।

স্বা/- অস্পষ্ট
২৩.০৫.১৭
(মোঃ লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৬৩৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ অধিদপ্তর
নারায়ণগঞ্জ জেলা কার্যালয়
মা আমেনা স্বপ্ন টাওয়ার (চতুর্থ তলা), পূর্ব লামাপাড়া
(খান সাহেব ওসমান আলী স্টেডিয়ামের পূর্ব পার্শ্বে), ফতুল্লা, নারায়ণগঞ্জ
www.doe.gov.bd

নং- ২২.০২.৬৭০০.১৪০.০৪.০১৯.১৬-৬৩০ তারিখঃ ১১.০৪.১৪২৫ বঙ্গাব্দ / ২৬.০৭.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ আদালতের নির্দেশের প্রেক্ষিতে গৃহীত পদক্ষেপ।

সূত্রঃ ক) বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা) এর ১৯ জুলাই, ২০১৮ তারিখের সিএন/ইউনিক. প্র/২০১৮ নং পত্র।

খ) ২২.০২.৬৭০০.১৪০.৬০.০২২.২০১৭-৩৭৫; তারিখ: ২০/১২/২০০১৭ খ্রি.

গ) ২২.০২.৬৭০০.১৪০.০৪.০১৯.১৬-৬৫৯; তারিখ: ২৪/০৭/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার পিরোজপুর ইউনিয়ন এর অধীন পিরোজপুর, জৈনপুর, ছয়হিয়া, চর ভাটিবন্দর এবং রতনপুর মৌজার বিস্তীর্ণ কৃষিজমি, জলাভূমি এবং নিচু জমিতে অবৈধভাবে মাটি ভরাট করে তথাকথিত 'সোনারগাঁও রিসোর্ট সিটি প্রকল্প' নির্মাণের উদ্দেশ্যে বালু ভরাট অব্যহত রাখা বিষয়ে 'ক' সূত্রের বরাতে প্রেরিত পত্রের মাধ্যমে অবহিত হয়ে এ কার্যালয় কর্তৃক নিম্নরূপ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।

ক) গত ২৪/০৭/২০১৮ খ্রি. তারিখে অভিযোগে উলেণ্ডখিত মৌজাসমূহ এ কার্যালয় কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে।

খ) সরেজমিন পরিদর্শনে অভিযোগের সত্যতা পাওয়া যায়। মহামান্য আদালতের আদেশ প্রতিপালন এবং অনতিবিলম্বে ভূমি ভরাট সংক্রান্ড় সকল কার্যক্রম বন্ধ রাখার জন্য সোনারগাঁ ইকোনমি জোনের ব্যবস্থাপনা পরিচালককে গত ২৪/৭/২০১৮ খ্রি. তারিখে ২২. ০২. ৬৭০০. ১৪০.

০৪.০১৯.১৬-৬৫৯ সংখ্যক পত্রের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়। (সূত্র-গ: পত্রের কপি সংযুক্ত)

গ) জনাব মোঃ নূর আলী, ব্যবস্থাপনা পরিচালক সোনারগাঁ ইকোনমি জোন, পণ্টট নং সিডবিণ্টউএন (বি), সড়ক নং-৪৫, গুলশান-২, ঢাকার মতামত গ্রহণ করার জন্য এ কার্যালয়ে সরাসরি বা উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করার জন্য টেলিফোনে নির্দেশ প্রদান করা হলেও কেউ হাজির না হওয়ায় কতৃপক্ষের মতামত গ্রহণ করা সম্ভব হয়নি। পরিদর্শনকালে কোম্পানীর কোন উপযুক্ত প্রতিনিধি না পওয়ায় মতামত গ্রহণ করা সম্ভব হয়নি। তবে ভূমি ভরাট কাজে ব্যবহৃত ড্রেজার মালিকদের বালি ভরাট হতে বিরত থাকার জন্য তাৎক্ষণিক নির্দেশ প্রদান করা হয়েছে।

ঘ) এছাড়াও একই বিষয়ে মহামান্য আদালতের আদেশ প্রতিপালন এবং অনতিবিলম্বে ভূমি ভরাট সংক্রান্ড় সকল কার্যক্রম বন্ধপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য গত ২০/১২/২০১৭ খ্রি. তারিখে ২২.০২.৬৭০০.১৪০.৬০.০২২.২০১৭-৩৭৫ সংখ্যক পত্রের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয় (সূত্র-খ: কপি সংযুক্ত)।

ঙ) মহামান্য আদালতের নির্দেশ অমান্যকরণ এবং পরিবেশ অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকে বালি ভরাট কার্যক্রম অব্যহত রাখার জন্য প্রকল্পটির বির"দ্ধে যথোপযুক্ত আইনানুগ/শাস্ড়িমূলক ব্যবস্থা গ্রহণের জন্য পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং শাখায় প্রতিবেদন প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

চ) এছাড়াও এ বিষয়ে এ কার্যালয় থেকে নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যহত রয়েছে।

সংযুক্তি বর্ণনামতে।

স্বা/- অস্পষ্ট
২৬.০৭.১০
(মো: নয়ন মিয়া)
সিনিয়র কেমিস্ট
ফোন: ০২-৭৬৪২৪১১
ই-মেইল: Naryanganj@doe.gov.bd

জনাব সাঈদ আহমেদ কবীর
এ্যাডভোকেট, সুপ্রীমকোর্ট
ও আইনজীবী, বেলা
অনুলিপি: সদয় অবগতির জন্য।

১। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা অঞ্চল কার্যালয়, ঢাকা।
২। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন
১৬/ই আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭

www.doe-bd.org

স্মারক নং ২২.০২.৬৭০০.১৪০.৭২.০৫৩.১৭/৪০৫ তারিখঃ ২১.০৫.১৪২৪ বঙ্গাব্দ / ০৫.০৯.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: সোনারগাঁও অর্থনৈতিক অঞ্চল, পিরোজপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ এর অনুকূলে পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ৪১২ তম সভায় গৃহীত সিদ্ধান্ড় নং ঝ/৭ এর আলোকে প্রয়োনীয় কাগজপত্র দাখিল প্রসঙ্গে।

সূত্র: আপনার ০৬/০৬/২০১৭ তারিখের আবেদন।

১। উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশ ছাড়পত্র বিষয়ক কমিটির ৪১২ তম সভায় "সোনারগাঁও অর্থনৈতিক অঞ্চল, পিরোজপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ" শীর্ষক প্রকল্পের অনুকূলে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, উপস্থাপিত ইআইএ প্রতিবেদন এবং সংশিণ্টষ্ট আঞ্চলিক কার্যালয়ের মতামত পর্যালোচনা করা হয়।

২। পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য প্রস্ড়াবিত প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার চরভবানাথপুর ও ভাটিবন্ধ মৌজায় মোট ৫৫.০০৭৮ একর জমিতে সোনারগাঁও অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার জন্য বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক প্রি-কোয়ালিফিকেশন লাইসেন্স প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে, উদ্যোক্তা কর্তৃক ৫৫.০০৭৮ একর জমিতে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার জন্য পরিবেশগত প্রভাব নির"পণ (ইআইএ) প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। দাখিলকৃত ইআইএ প্রতিবেদনে অর্থনৈতিক অঞ্চলের পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রনের জন্য Central Effluent Treatment Plant (CETP), Sewage Treatment Plant (STP), Green and Open Space, Water Reservoir ইত্যাদি প্রভিশন রাখা হবে। কারিগরীভাবে ইআইএ প্রতিবেদনটি কমিটির নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়। তবে, সংশিণ্টষ্ট জেলা ও আঞ্চলিক অফিসের মতামত থেকে জানা যায় যে, আলোচ্য প্রকল্পের আওতাভূক্ত ভূমি অবৈধভাবে ভরাটের বিষয়ে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশনের (রীট পিটিশন নং-১৬৮৩/২০১৪) প্রেক্ষিতে মহামান্য আদালত ভূমি ভরাট বন্ধ করা সহ বেশ কিছু নির্দেশনা প্রদান করেন এবং পরবর্তীতে এই রীট মামলার আদেশ অবমাননার কারণে একটি কনটেম্পট মামলা (কনটেম্পট মামলা নং ২৭/২০১৭) দায়ের করা হয়েছে যা এখনো নিষ্পত্তি হয়নি মর্মে জানা যায়।

৩। সভায় বিস্ড়ারিত আলোচনার পর পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ৪১২ তম সভার সিদ্ধান্ড় নং "ঝ/৭" মোতাবেক আলোচ্য প্রকল্পের বিষয়ে

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষে উদ্যোক্তা কর্তৃক নিম্নলিখিত কাগজপত্র/ তথ্যাদি দাখিলের সিদ্ধান্ড় গৃহীত হয়ঃ

"আলোচ্য প্রকল্পভূক্ত জমির বিষয়ে দায়েরকৃত রীট মামলা নিষ্পত্তির পর কিংবা মহামান্য আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহারের পর উদ্যোক্তা কর্তৃক রায়ের কপিসহ উক্ত বিষয়টি অত্র অধিদপ্তরকে অবহিত করতে হবে।"

৪। বর্ণিত অবস্থায়, চাহিত কাগজপত্র জর"রী ভিত্তিতে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।

(সৈয়দ নজমুল আহসান)
পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ফোন: ৮১৮১৬৭৩

ব্যবস্থাপনা পরিচালক
সোনারগাঁও অর্থনৈতিক অঞ্চল
ইউনিক গ্র"প অব কোম্পানীজ লিমিটেড
ইউনিক ওভাল ৪৫, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।

অনুলিপি

১। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
২। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ।
৩। সহকারি পরিচালক, মহাপরিচালক মহোদয়ের শাখা, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ অধিদপ্তর
নারায়নগঞ্জ জেলা কার্যালয়
(খান সাহেব ওসমান আলী স্টেডিয়াম পূর্ব পার্শ্বে), ফতুলণ্ঢা, নারায়নগঞ্জ
www.doe.gov.bd

নং ২২.০২.৬৭০০.১৪০.৬০.০২২.২০১৭-৩৭৫ তারিখঃ ০৬.০৯.১৪২৪ বঙ্গাব্দ / ২০.১২.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ অবস্থানগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে অবৈধ ভাবে বালু ভরাট বিষয়ে কারণ দর্শানো নোটিশ।

সূত্র ঃ ক। বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি-র ১৩ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখের পত্র।

খ। ৩৭/অভিযোগ: তারিখঃ ১২/১২/২০১৭ খ্রিঃ তারিখের অভিযোগ।

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গত ১৯/১২/২০১৭ খ্রিঃ তারিখ নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার পিরোজপুর ইউনিয়ন এর অধীন পিরোজপুর, জৈনপুর, ছয়হিয়া, চর ভাটিবন্দর এবং রতনপুর মৌজা এলাকা এ কার্যালয় কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়। সরেজমিন পরিদর্শনকালে দেখা যায় যে, আপনার ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড কর্তৃক সোনারগাঁও

ইকোনমিক জোন স্থাপনের উদ্দেশ্যে উলিণ্ঢখিত এলাকার পিরোজপুর, জৈনপুর মৌজায় বিস্ড়ীর্ণ এলাকার কৃষিজমি জলাভূমি এবং নিচু জমিতে ১০-১১ টি ড্রেজারের মাধ্যমে বালু ভরাট কার্যক্রম চলমান রয়েছে।

২। উল্লেখ্য যে, মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ১৬৮৩/২০১৮ প্রেক্ষিতে মহামান্য আদালত কর্তৃক ২ মার্চ, ২০১৪ এর আদেশে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার পিরোজপুর ইউনিয়ন এর অধীন পিরোজপুর, জৈনপুর, ছয়হিয়া, চর ভাটিবন্দর এবং রতনপুর মৌজায় বিস্ড়ীর্ণ কৃষিজমি, জলাভূমি এবং নিচু জমিতে অবৈধভাবে বালু ভরাট বিষয়ে আদালতের নিষেধাজ্ঞা রয়েছে।

৩। এমতপ্রেক্ষিতে, মহামান্য আদালতের আদশে প্রতিপালন এবং অনতিবিলম্বে ভূমি ভরাট সংক্রান্ড় সকল কার্যক্রম বন্ধ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। নির্দেশ পালনে ব্যর্থ হলে আপনার/আপনার প্রকল্পের বির"দ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ ফেরদৌস আনোয়ার)
সহকারী পরিচালক
ফোন ঃ ০২৭৬৬৪২৪১১
ইমেইল :narayanganj@doe.gov.bd

জনাব মোঃ নূর আলী
ব্যবস্থাপনা পরিচালক
সোনারগাঁ ইকোনমিক জোন
পণ্ঢট নং- ১ সিডাবিণ্ঢউএন (বি), সড়ক নং০ ৪৫, গুলশান-২ ঢাকা।

অনুলিপি: মহোদয়ের সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা অঞ্চল কার্যালয়, ঢাকা।
২। পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ অধিদপ্তর
নারায়ণগঞ্জ জেলা কার্যালয়
মা আমেনা স্বপ্ন টাওয়ার (চতুর্থ তলা), পূর্ব লামাপাড়া
(খান সাহেব ওসমান আলী স্টেডিয়ামের পূর্ব পার্শ্বে), ফতুল্লা, নারায়ণগঞ্জ

স্মারক নং- ২২.০২.৬৭০০.১৪০-০৪.০১৯.১৬-৪৬০ তারিখঃ ১৪.০৯.১৪২৪ বঙ্গাব্দ / ২৮.১২.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : সরেজমিন পরিদর্শন প্রতিবেদন প্রেরণ

সূত্র : (ক) বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি বেলা) এর ১৩ ডিসেম্বর, ২০১৭ তারিখের সিএন/ইউনিক প্র/২০১৭-৮৪ সংখ্যক পত্র।

খ) অত্র দপ্তরের ১২/১২/২০১৭ খ্রি. তারিখের ৩৭ সংখ্যক অভিযোগ।

উপযুক্ত বিষয় ও সূত্রে প্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলাধীন পিরোজপুর ইউনিয়নের পিরোজপুর, জৈনপুর, ছয়হিয়া, চর ভাটিবন্দর এবং রতনপুর মৌজার মেঘনা নদী তীরবর্তী নিচু জমি/জলমগ্নভূমি/কৃষি জমি ইউনিক প্রপার্টি ডেভেলপমেন্ট লি: এর সোনারগাঁও ইকোনমিক জোন কর্তৃক অবৈধভাবে বালু দ্বারা ভরাট সংক্রান্ড় অভিযোগটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:
(ক) পরিদর্শন প্রতিবেদন;
(খ) কারণ দর্শানো নোটিশের কপি।

(মোঃ ফেরদৌস আনোয়ার)
সহকারী পরিচালক
ঢাকা অঞ্চল কার্যালয়, ঢাকা।
ফোন : ০২ ৭৬৪২৪১১
ইমেইল: narayanganj@doe.gov.bd

পরিচালক
পরিবেশ অধিদপ্তর
ঢাকা অঞ্চল কার্যালয়, ঢাকা।

১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২। সহকারি পরিচালক, মহাপরিচালক মহোদয়ের শাখা, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
৩। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ অধিদপ্তর
নারায়ণগঞ্জ জেলা কার্যালয়
মা আমেনা স্বপ্ন টাওয়ার (চতুর্থ তলা), পূর্ব লামাপাড়া
(খান সাহেব ওসমান আলী স্টেডিয়ামের পূর্ব পার্শ্বে), ফতুল্লা, নারায়ণগঞ্জ

স্মারক নং ২২.০২.৬৭০০.১৪০.০৪.০১৯.১৬-৪৬১ তারিখ: ১৭.০৯.১৪২৪ বঙ্গাব্দ / ৩১.১২.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ আদালতের নির্দেশ অবমানাকরণ।

সূত্রঃ ক) ১৩ ডিসেম্বর/২০১৭ তারিখের পত্র।

খ) ২২.০২.৬৭০০.১৪০.৬০.০২২.২০১৭-৩৭৫; তারিখ ঃ ২০/১২/২০১৭ খিঃ

উপযুক্ত বিষয় ও সূত্রে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার পিরোজপুর ইউনিয়ন এর অধীন পিরোজপুর, জৈনপুর, ছয়হিয়া, চর, ভাটিবন্দর এবং রতনপুর মৌজার বিস্তীর্ণ কৃষিজমি,

জলাভূমি এবং নিচু জমিতে অবৈধভাবে মাটি ভরাট করে তথাকথিত সোনারগাঁও রিসোর্ট সিটি প্রকল্প, নির্মাণের উদ্দেশ্যে বালু ভরাট অব্যাহত রাখা বিষয়ে 'ক' সূত্রের বরাতে প্রেরিত পত্রের মাধ্যমে অবহিত হয়ে এ কার্যালয় কৃর্তৃক নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

ক। গত ১৯/১২/২০১৭ খ্রি. তারিখে অভিযোগে উল্লেখিত মৌজাসমূহ এ কার্যালয় কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে (প্রতিবেদনের কপি সংযুক্ত)।

খ। সরেজমিন পরিদর্শনে অভিযোগের সত্যতা পাওয়া যায়। মহামান্য আদালতের আদেশ প্রতিপালন এবং অনতিবিলম্বে ভূমি ভরাট সংক্রান্ত সকল কার্যক্রম বন্ধ রাখার জন্য সোনারগাঁ ইকোনমিক জোনের ব্যবস্থাপনা পরিচালককে নির্দেশ প্রদান করে 'খ' সূত্রের মাধ্যমে পত্র প্রদান হয়েছে (পত্রের কপি সংযুক্ত)।

গ। অনুসন্ধানে জানা যায় জনাব মোঃ নূর আলী, ব্যবস্থাপনা পরিচালক সোনারগাঁ ইকোনমিক জোন, প্লট নং সিডাব্লিউএন (বি), সড়ক নং ৪৫, গুলশান-২, ঢাকা বর্তমানে দেশের বাইরে অবস্থান করছেন। তাই তাঁর মতামত গ্রহণ করা সম্ভব হয়নি।

ঘ। অত্র দপ্তর হতে খ সূত্রের মাধ্যমে প্রেরিত পত্রের নির্দেশনার প্রেক্ষিতে বর্তমানে বালি ভরাট কার্যক্রম বন্ধ রাখা হয়েছে।

ঙ। মহামান্য আদালতের নির্দেশ অমান্যকরণ এবং পরিবেশ অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকে বালি ভরাট কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রকল্পটির বিরুদ্ধে যথোপযুক্ত আইনানুগ/ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের, মনিটরিং এন্ড এনফেসিমেন্ট উইং শাখায় প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। (কপি সংযুক্ত)।

চ। এছাড়াও এ বিষয়ে এ কার্যালয় থেকে নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যহত রয়েছে।

সংযুক্তি: বর্ণনামতে

(মো: ফেরদৌস আনোয়ার)
সহকারী পরিচালক
ফোন: ০২৭৬৪২৪১১

জনাব সাঈদ আহমেদ কবীর
এ্যাডভোকেট, সুপ্রীমকোর্ট
ও আইনজীবী, বেলা।

অনুলিপি : সদয় অবগতির জন্য

১। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা অঞ্চল কার্যালয়, ঢাকা।
২। অফিস কপি

২০১৮ সাল

গুরুত্বপূর্ণ বিধায় বিগত ইংরেজী ০২.০৪.২০১৮ তারিখের আদেশটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-

02.04.2018

"Present:
Mr. Justice Md. Ashfaqul Islam
And
Mr. Justice Ashish Ranjan Das

১৭৪। সুতরাং সংবিধানের অনুচ্ছেদ ৩১ অনুযায়ী কোন ব্যক্তির সম্পত্তির হানি ঘটানো যাবে না। জাতীয় সম্পত্তি তথা পাবলিক ট্রাস্ট সম্পত্তি ব্যবহারের অধিকার প্রত্যেক নাগরিকের মৌলিক অধিকার। এই অধিকার কেউ হরণ করতে পারবে না। যখনই কেউ হরণ করবে তখনই নাগরিকগণ তার উক্ত মৌলিক অধিকার আদায় করতে তথা বলবৎ করতে হাইকোর্ট বিভাগে অনুচ্ছেদ ১০২ এর আওতায় রীট পিটিশন দাখিল করার অধিকারী। যখনই জনগণের সম্পত্তি তথা জাতীয় সম্পত্তি তথা পাবলিক ট্রাস্ট সম্পত্তি ব্যক্তি মালিকানায় কিংবা বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য প্রদান করা হবে তখনই প্রত্যেক নাগরিকের, সকল সরকারী কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি এবং আদালতের সাংবিধানিক দায়িত্ব ও কর্তব্য হল এসব সম্পত্তি সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করা।

১৭৫। সংবিধানের অনুচ্ছেদ ১৮ক, ২১, ৩১ এবং ৩২ একত্রে পাঠে এটা কাঁচের মত স্পষ্ট যে, পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, সকল উন্মুক্ত জলাভূমি, সমুদ্র, নদ-নদী, খাল- বিল, হাওর-বাওর, ঝিল, সমুদ্র সৈকত, নদীর পাড়, পাহাড়-পর্বত, টিলা, বন এবং বাতাস পাবলিক ট্রাষ্ট সম্পত্তিসমূহ বাংলাদেশের বর্তমান ও ভবিষ্যৎ সকল নাগরিকের জন্য সংরক্ষিত। অর্থাৎ উপরিল্লিখিত সম্পত্তিসমূহের উপর জনগণের মৌলিক অধিকার প্রতিষ্ঠিত।

১৭৬। পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, সকল উন্মুক্ত জলাভূমি, সমুদ্র, নদ-নদী, খাল- বিল, হাওর-বাওর, ঝিল, সমুদ্র সৈকত, নদীর পাড়, পাহাড়-পর্বত, টিলা, বন এবং বাতাস পাবলিক ট্রাষ্ট সম্পত্তিসমূহের যেকোনটি থেকে কোন নাগরিককে বঞ্চিত করা জনগণের মৌলিক অধিকার তথা সংবিধানের অনুচ্ছেদ ৩১ ও ৩২ এর পরিপন্থী ।

১৭৭। পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, সকল উন্মুক্ত জলাভূমি, সমুদ্র, নদ-নদী, খাল- বিল, হাওর-বাওর, ঝিল, সমুদ্র সৈকত, নদীর পাড়, পাহাড়-পর্বত, টিলা, বন এবং বাতাস পাবলিক ট্রাষ্ট সম্পত্তিসমূহ সংক্রান্তে যে কোন অধিকার যেহেতু প্রত্যেক নাগরিকের সম্পত্তি সেহেতু উক্ত সম্পত্তির হানি ঘটলে তথা বঞ্চিত করা হলে সংবিধানের অনুচ্ছেদ ৩১ মোতাবেক প্রত্যেক নাগরিক আইনের আশ্রয় লাভের অধিকারী এবং উপরিল্লিখিত অধিকারসমূহ বলবৎ করিবার জন্য সংবিধানের ১০২ অনুচ্ছেদের ১ দফা অনুযায়ী হাইকোর্ট বিভাগে মামলা দায়ের করিবার অধিকারী। নাগরিকের এই বলবৎযোগ্য অধিকার সংবিধানের অনুচ্ছেদ ৪৪ দ্বারা নিশ্চয়তা প্রদান করা হয়েছে।

১৭৮। জনপ্রতিনিধিগণ, সকল সরকারী কর্মকর্তা-কর্মচারী, সেনা, নৌ এবং বিমান বাহিনীর সকল অফিসার এবং সৈনিক, বিচার বিভাগের সকল বিচারকসহ বাংলাদেশের সকল নাগরিকের অবশ্য কর্তব্য হল এসব জাতীয় সম্পত্তি তথা পাবলিক ট্রাস্ট সম্পত্তিকে ব্যক্তি মালিকানা কিংবা বাণিজ্যিক ব্যবহার হতে রক্ষা করা এবং সকল নাগরিকের সমভাবে ব্যবহারের নিমিত্ত সংরক্ষণ ও উন্নয়ন করা।

*১৭৯। সাংবিধানিকভাবে প্রত্যেক ব্যক্তির জীবন তথা বেঁচে থাকার অধিকার **(right to life)** সংরক্ষিত। সংবিধানের অনুচ্ছেদ ৩২-এ বলা হয়েছে যে, "আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তিস্বাধীনতা হইতে কোন ব্যক্তিকে বঞ্চিত করা যাইবে না।" অর্থাৎ কোন ব্যক্তিকে তার জীবন হতে বঞ্চিত করা যায় না। অপর কথায় বেঁচে থাকার অধিকার **(right to life)** প্রত্যেক ব্যক্তির সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার।*

১৮০। পরিবেশ আইনে জীবন (life) বা প্রাণ-কে এর বিস্তৃত আকারে ব্যাখ্যা প্রদান করে পরিবেশকে এর অন্তর্ভূক্ত করে। এরূপে, প্রয়োজনের তাগিদে পরিবেশ আইনে জীবনের সংজ্ঞাকে বিস্তৃত করা হয়েছে। স্টকহোম ঘোষণার (Stockholm Declaration) এর ১ নং নীতি (Principle-1) মোতাবেক-

> ***"Man has the fundamental right to freedom, equality and adequate conditions of life; in an environment of a quality that permits a life of dignity and well-being."***

১৮১। অর্থাৎ জীবন শুধু একটা শরীর এবং তার ভিতর একটি আত্মা নয়। জীবন হল ভালভাবে সম্মানের সাথে সুস্থ সুন্দর উন্নত পরিবেশে বেঁচে থাকার অধিকার।

১৮২। Asian Human Rights Charter (A Peoples' Charter Declared in Kwangju, South Korea on 17 May 1998) এর অনুচ্ছেদ ২.৯-এ বলা হয়েছে যে,

"2.9 Economic development must be sustainable. We must protect the environment against the avarice and depredations of commercial enterprises ***to ensure that the quality of life does not decline just as the gross national product increases.*** *Technology must liberate, not enslave human beings. Natural resources must be used in a manner consistent with our obligation to future generations.* ***We must never forget that we are merely temporary custodians of the resources of nature.*** *Nor should we forget that these resources are given to all human kind, and consequently we have a joint responsibility for their responsible, fair and equitable use."*

১৮৩। প্রকৃতপক্ষে, আমরা মানবজাতি প্রকৃতির অভিভাবক। একজন অভিভাবক যেমনটি তার সন্তানকে রক্ষা ও উন্নত করতে সচেষ্ট থাকে তেমনি মানবজাতিকে প্রকৃতির অভিভাবক হিসেবে এর রক্ষা ও উন্নয়নে সচেষ্ট থাকতে হবে। এটাও দেখতে হবে যে ব্যাপক উন্নয়নের চাপে যার জন্য উন্নয়ন সেই মানবজাতির জীবনের সকল সুখ শান্তি ও সুস্থ পরিবেশ যেন নষ্ট না হয়।

১৮৪। অপরদিকে 'রিও' ঘোষণার ১ নং নীতিটি পর্যালোচনায় এটা কাঁচের মত স্পষ্ট প্রতীয়মান যে জীবন (life) এবং পরিবেশ একে অপরের অবিচ্ছেদ্য অংশ এবং জীবন শব্দের অর্থ শরীর এবং আত্মা ছাড়াও আরও অনেক বিস্তৃত।

১৮৫। নদ-নদী দূষণ ও দখল হলে নদ-নদী বিলীন হয়ে যাবে। নদ-নদী বিলীন হয়ে গেলে পানি থাকবে না। পানি না থাকলে মৎস্য সম্পদ থাকবে না, কৃষি থাকবে না এবং সাথে সাথে মানুষের পক্ষেও বেঁচে থাকা সম্ভব হবে না। সহজ ভাষায় পানি না থাকলে জীবন থাকে না। অর্থাৎ ব্যক্তি তাঁর বেঁচে থাকার সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার হারাবে।

১৮৬। সুতরাং এটা বলা যায় যে, দূষন মুক্ত পরিবেশ, সুপেয় পানির নিশ্চয়তা, নদ-নদী, খাল-বিল, হাওর-বাওর, নালা, ঝিল, জলাভূমি, বন, বন্যপ্রাণী, বাতাস, জীববৈচিত্র সংরক্ষণ ও উন্নয়ন ভিন্ন মানুষ বাঁচতে পারে না। এসবের কোন একটির অভাব ব্যক্তির বেঁচে থাকার জন্য হুমকি তথা এ সকল ছাড়া মানুষ বাঁচতে পারবে না। এসব কিছু বেঁচে থাকার অন্যতম শর্ত হেতু এসবের উপর প্রত্যেক নাগরিকের সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার প্রতিষ্ঠিত।

১৮৭। পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, সমুদ্র, নদ-নদী, সমুদ্র তীর, নদীর পাড়, খাল- বিল, হাওর-বাওর, ঝিল এবং সকল উন্মুক্ত জলাভূমি, পাহাড়-পর্বত, বন , বন্য প্রাণী এবং ভালভাবে সম্মানের সুস্থ সুন্দর ও উন্নত পরিবেশ জীবন (life) তথা বেঁচে থাকার (right to life) অন্যতম শর্ত যা সংবিধানের অনুচ্ছেদ ৩২ দ্বারা নিশ্চয়তা প্রদান করা হয়েছে । সেহেতু পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, সকল উন্মুক্ত জলাভূমি, সমুদ্র, নদ-নদী, খাল- বিল, হাওর-বাওর, ঝিল, সমুদ্র সৈকত, নদীর পাড়, পাহাড়-পর্বত, টিলা, বন এবং বাতাস পাবলিক ট্রাষ্ট সম্পত্তিসমূহ

ধ্বংসের যে কোন পদক্ষেপ সংবিধানের তৃতীয় ভাগে প্রদত্ত মৌলিক অধিকারের পরিপন্থী তথা সংবিধানের অনুচ্ছেদ ৩২ ধারার পরিপন্থী।

১৮৮। সংবিধানের অনুচ্ছেদ ৩২-এ বলা হয়েছে যে, আইনানুযায়ী ব্যতীত কোন ব্যক্তিকে তার জীবন হতে বঞ্চিত করা যাবে না। পরিবেশ দূষণের এবং পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, সকল উন্মুক্ত জলাভূমি, সমুদ্র, নদ-নদী, খাল- বিল, হাওর-বাওর, ঝিল, সমুদ্র সৈকত, নদীর পাড়, পাহাড়-পর্বত, টিলা, বন এবং বাতাস পাবলিক ট্রাষ্ট সম্পত্তিসমূহের ধ্বংসের কারণে প্রতিনিয়ত নাগরিকের তথা মানুষের জীবন হানি ঘটে চলেছে। সুতরাং স্বাস্থ্যসম্মত পরিবেশ প্রত্যেক নাগরিকের সাংবিধানিক অধিকার। আর স্বাস্থ্যসম্মত পরিবেশের প্রয়োজনে প্রত্যেক নাগরিক পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, সকল উন্মুক্ত জলাভূমি, সমুদ্র, নদ-নদী, খাল- বিল, হাওর-বাওর, ঝিল, সমুদ্র সৈকত, নদীর পাড়, পাহাড়-পর্বত, টিলা, বন এবং বাতাস পাবলিক ট্রাষ্ট সম্পত্তিসমূহের উপর সাংবিধানিক অধিকার ভোগ করে।

*১৮৯। পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, জলাভূমি, সমুদ্র, সমুদ্র সৈকত, নদ-নদী, নদীর পাড়, খাল-বিল, হাওর-বাওর, ঝিল, পাহাড়-পর্বত, টিলা, বন ও বন্যপ্রাণীর সংরক্ষণ ও উন্নয়নের দায়িত্ব রাষ্ট্রের। এটা এখন বিশ্বব্যাপী সু-প্রতিষ্ঠিত মতবাদ যা বর্তমানে সকল দেশ কর্তৃক স্বীকৃত। বাংলাদেশ সংবিধানে অনুচ্ছেদ ১৮ক এবং ২১ সংযোজন করে উক্ত পাবলিক ট্রাষ্ট মতবাদ **(Public Trust Doctrine)** কে স্বীকৃতি প্রদান করেছে। সংবিধানের অনুচ্ছেদ ৩১ ও ৩২ মোতাবেক জাতীয় সম্পত্তি তথা জনগণের সম্পত্তি বা পাবলিক ট্রাষ্ট সম্পত্তি রক্ষার নিমিত্তে জনগণের বলবৎযোগ্য অধিকার আছে।*

গুরুত্বপূর্ণ বিধায় সংবিধানের অনুচ্ছেদ ১৮(ক) বাংলা এবং ইংরেজী ভাষায় অবিকল নিম্নে অনুলিখন হলোঃ

"[**১৮ক।** রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করিবেন এবং প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র, **জলাভূমি,** বন ও বন্যপ্রাণির সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করিবেন।]"

"[**18A.** The State shall endeavour to protect and improve the environment and to preserve and safeguard the natural resources, biodiversity, **wetlands,** forests and wild life for the present and future citizens.]"

গুরুত্বপূর্ণ বিধায় **মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাট, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ (২০০০ সনের ৩৬নং আইন) অবিকল নিম্নে অনুলিখন হলোঃ**

৫। এই আইনের বিধান অনুযায়ী ব্যতীত, খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার হিসাবে চিহ্নিত জায়গার শ্রেণী

পরিবর্তন করা যাইবে না বা উক্তরূপ জায়গা অন্য কোনভাবে ব্যবহার করা যাইবে না বা অনুরূপ ব্যবহারের জন্য ভাড়া, ইজারা বা অন্য কোনভাবে হস্তান্তর করা যাইবে না।

ব্যাখ্যা- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, কোন উদ্যানের মৌলিক বৈশিষ্ট্য নষ্ট হয় এইরূপে উহার বৃক্ষরাজি নিধনকে উদ্যানটির শ্রেণী পরিবর্তনরূপে গণ্য করা হইবে।

গুরুত্বপূর্ণ বিধায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ৩৩ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

"পরিবেশ সংক্রান্ত আইন ইত্যাদির প্রতিপালন ৩৩। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষ অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার, অর্থনৈতিক অঞ্চলে প্রতিষ্ঠিত শিল্প ইউনিটসমূহ, অন্যান্য আর্থিক ও ব্যবসায়িক প্রতিষ্ঠান বাংলাদেশে বিদ্যমান পরিবেশ ও পরিবেশ রক্ষা সংক্রান্ত সকল আইনের প্রতিপালনসহ বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ রক্ষা করিতে বাধ্য থাকিবে।"

বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা ২২ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

২২। (১) আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, যথাযথ অনুসন্ধান, পরীক্ষা-নিরীক্ষা বা জরিপের ফলাফলের ভিত্তিতে, নির্বাহী কমিটির নিকট যদি এই মর্মে প্রতীয়মান হয় যে,

(ক) কোন প্রাকৃতিক বা অন্য কোন কারণে সুপেয় পানির তীব্র সংকট থাকায় সুপেয় পানির উৎস হিসাবে কোন দীঘি, পুকুর বা অনুরূপ কোন জলাধার সংরক্ষণ করা আশু প্রয়োজন, বা

(খ) অতিথি পাখির নিরাপদ অবস্থান, অবাধ বিচরণ এবং অভয়াশ্রম নিশ্চিত করিবার জন্য কোন হাওর, বাঁওর বা অনুরূপ কোন জলাধার সংরক্ষণ করা আশু প্রয়োজন,-

তাহা হইলে নির্বাহী কমিটি, সীমানা নির্ধারণ করিয়া, সুপেয় পানির উৎস হিসাবে সংশ্লিষ্ট জলাধার সংরক্ষণের জন্য উহার মালিক বা উপযুক্ত কর্তৃপক্ষকে সুরক্ষা আদেশ প্রদান করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত আদেশ জলাধারের মৌজা ম্যাপ ও দাগ নম্বর উল্লেখ করিয়া উহার সীমানা নির্দিষ্ট করিতে হইবে।

(৩) জলাধারের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করিবার লক্ষ্যে নির্বাহী কমিটি, এই আইনের বিধানাবলি সাপেক্ষে, সুরক্ষা আদেশ দ্বারা যেকোন বিধি-নিষেধ আরোপ করিতে পারিবে।

*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৮ক মোতাবেক বাংলাদেশের সকল জলাভূমি তথা **Wetlands** সংরক্ষণ ও নিরাপত্তা বিধান রাষ্ট্র পরিচালনার অন্যতম মূলনীতি হিসেবে গ্রহণ করা হয়েছে।*

*"তুরাগ নদী" মামলা খ্যাত রীট পিটিশন নং- ১৩৯৮৯/২০১৬। (হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ বনাম বাংলাদেশ সরকার ও অন্যান্য) [২০১৯ (২৭) বিএলটি (বিশেষ সংখ্যা)-০২ ০১ এবং (২০১৯) ৭ সি.এল.আর, পাতা-৩২৫] মোতাবেক পরিবেশ, জলবায়ু, জলাভূমি, তথা সমুদ্র, সমুদ্র সৈকত, নদ-নদী, নদ-নদীর পাড়, খাল-বিল, হাওর-বাওর, নালা, ঝিল,ঝিরি এবং সকল উন্মুক্ত জলাভূমি, পাহাড়-পর্বত, বন, বন্যপ্রাণী এবং বাতাস পাবলিক ট্রাষ্ট সম্পত্তি (**Public Trust Property**) তথা জনগণের ন্যাস সম্পত্তি তথা জাতীয় সম্পত্তি (**Public Property**)*

মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাট, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ (২০০০ সনের ৩৬নং আইন) এর ধারা ৫ মোতাবেক জলাধার হিসাবে চিহ্নিত জায়গার শ্রেণী পরিবর্তন করা যাবে না।

*প্রাকৃতিক সম্পদ ব্যবহার এবং এর টেকসই ব্যবহারের নিমিত্তে পৃথিবীর প্রথম আন্তরাষ্ট্রীয় বৈশ্বিক চুক্তি "জলাভূমির কনভেনশন" বা "**The Convention of Wetlands**", যা "রামশার কনভেনশন" নামে খ্যাত।*

*"রামশার কনভেনশন" চুক্তি স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ তাঁর অভ্যন্তরের সকল জলাভূমির (**Wetlands**) তালিকা প্রস্তুত করে উক্ত জলাভূমি সমূহ রামশার কনভেনশনের তালিকাভূক্তকরণ, সংরক্ষণ এবং বিচক্ষণ ব্যবহার (**wise use**) করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের নিকট অঙ্গিকারাবদ্ধ।*

*বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ৩৩ মোতাবেক বাংলাদেশের সকল পরিবেশ আইন এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত এবং অনুমোদিত পরিবেশগত আন্তর্জাতিক সকল কনভেনশন, প্রটোকল এবং আইন মেনে অর্থনৈতিক অঞ্চল (**Economic Zone**) প্রতিষ্ঠা করতে হবে, কোনভাবেই উপরিল্লিখিত আইনের পরিপন্থীভাবে কোন অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা যাবে না।*

বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা ২২ মোতাবেক আইনে নির্ধারিত নির্বাহী কমিটি পানির উৎস হিসাবে জলাধার সংরক্ষণ নিমিত্তে সকল জলাধারের সীমানা নির্ধারণ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সুরক্ষা আদেশ প্রদান করবেন।

অর্থাৎ সংবিধানে অনুচ্ছেদ ১৮ক, অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০, তুরাগ নদীর রায় এবং রামশার কনভেনশন মোতাবেক প্রকৃতি, পরিবেশ, জলবায়ু, জলাভূমি, সমুদ্র, সমুদ্র সৈকত, নদ-নদী, নদ-নদীর পাড়, খাল-বিল, হাওড়, বাওড়, নালা, ঝিল, ঝিরি, সকল উন্মুক্ত জলাভূমি, পাহাড়-পর্বত, বন, বন্যপ্রাণী এবং বাতাস দূষণ করে, ক্ষতিগ্রস্ত করে কোন উন্নয়ন প্রকল্প, শিল্পাঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা যাবে না।

*এটি এখন সর্বজন স্বীকৃত যে, **Fresh Water** বা সুপেয় পানি বা পানযোগ্য পানি বা নিত্য প্রয়োজনীয় ব্যবহার কার্যোপযোগী পানি, ফসলাদি উৎপাদনের নিমিত্তে প্রয়োজনীয় পানি তেলের চেয়েও মূল্যবান। কারণ জ্বালানী*

*তেল বা জীবাশ্ম, জ্বালানী (**Fossil Fuel**)ছাড়া মানবজাতি চলতে পারবে। কিন্তু **Fresh Water** বা সুপেয় পানি বা পানযোগ্য পানি বা নিত্য প্রয়োজনীয় ব্যবহার কার্যোপযোগী পানি ছাড়া মানবজাতি, প্রাণীকুল, জীবজগৎ একমুহূর্ত চলতে পারবে না।*

*বর্তমানে জীবাশ্ম, জ্বালানী (**Fossil Fuel**)কে জলবায়ুর জন্য সবচেয়ে ক্ষতিকর মর্মে চিহ্নিত করা হয়েছে। উন্নত বিশ্ব জীবাশ্ম, জ্বালানী (**Fossil Fuel**) ব্যবহার বন্ধ করে বিকল্প জ্বালানী হিসেবে নবায়নযোগ্য জ্বালানী (**Renewable Energy**) উৎপাদনে নিজেদের আত্মনিয়োগ করছেন।*

*সৌদিআরব যদি তেলের খনির অধিকারী হয়ে থাকে বাংলাদেশ তার থেকেও মূল্যবান **Fresh Water** বা সুপেয় পানি বা পানযোগ্য পানি বা নিত্য প্রয়োজনীয় ব্যবহার কার্যোপযোগী পানি, ফসলাদি উৎপাদনের নিমিত্তে প্রয়োজনীয় পানির অধিকারী। অতি নিকট সময়ের মধ্যে এক গ্যালন তেলের থেকে দশগুন বেশী দাম দিয়ে কিনতে হবে **Fresh Water** বা সুপেয় পানি বা পানযোগ্য পানি বা নিত্য প্রয়োজনীয় ব্যবহার কার্যোপযোগী পানি, ফসলাদি উৎপাদনের নিমিত্তে প্রয়োজনীয় পানি।*

*এটা সকলকে মনে রাখতে হবে যে, যেকোন একটি অঞ্চলের সবচেয়ে বেশী মূল্যবান সম্পত্তি হল উক্ত এলাকায় অবস্থিত **Fresh Water** বা সুপেয় পানি বা পানযোগ্য পানি বা নিত্য প্রয়োজনীয় ব্যবহার উপযোগী পানি, ফসলাদি উৎপাদনের নিমিত্তে প্রয়োজনীয় পানি। সুতরাং কোন ভাবেই **Fresh Water** বা সুপেয় পানি যা পানযোগ্য পানি বা নিত্য প্রয়োজনীয় ব্যবহার উপযোগী পানি বা ফসল উৎপাদনের পানির ক্ষতি করে কোন উন্নয়ন পরিকল্পনা নয়।*

প্রকৃতি, পরিবেশ এবং প্রতিবেশের ক্ষতি করে কোন উন্নয়নই স্থায়ী হয়না। বরং প্রকৃতি, পরিবেশ ও প্রতিবেশের রক্ষণ, সংরক্ষণ এবং উন্নয়নের মাধ্যমে যে অর্থনৈতিক উন্নয়ন তা দীর্ঘমেয়াদী সাম্য, সম্প্রীতি এবং শান্তি আনয়ন করে।

একটি সম্প্রদায়কে, একটি জাতিকে, একটি গোষ্ঠীকে, একটি সংখ্যালঘু ধর্মীয় মতাবলম্বীকে, অপেক্ষাকৃত শক্তিশালী পক্ষ বা গোষ্ঠি কর্তৃক নির্মূল বা ধ্বংস বা হত্যা করা জেনোসাইড। অপরদিকে 'ইকোসাইড' হলো জীব বৈচিত্র, প্রাণী জগত, পাখি, গাছপালাসহ যে কোন প্রাণকে হত্যা করা। পরিবেশের ধ্বংস মূলত বেশি সংঘটিত হয় মানুষে মানুষে হানাহানির কারণে। আধুনিক উদাহরণ ইরাক, সিরিয়া এবং আফগানিস্তানের যুদ্ধ। প্রতিটি যুদ্ধই মানুষ হত্যার সাথে সাথে গাছ-পালা, প্রাণী এবং জীব বৈচিত্র পরিবেশ প্রতিবেশ ধ্বংস করে।

বর্তমানে পরিবেশ এবং জলবায়ুর উপর আঘাতকে ইকোসাইড (ECOCID) হিসেবে আইনে অন্তর্ভূক্তের বিশ্বব্যাপী আন্দোলন এবং দাবী চলমান। "ইকোসাইড" ধারনাটি প্রথম ব্যবহার হয় ১৯৭০ সালে। আমেরিকা যুক্তরাষ্ট্রের আর্মি কর্তৃক "Agent orange" ব্যবহারের মাধ্যমে ভিয়েতনামের বনাঞ্চল ধ্বংস এবং বনাঞ্চলে বসবাসরত মানুষদের গণহারে নিধন তথা হত্যাকান্ড কর্মকে "ইকোসাইড" হিসেবে ঘোষণার নিমিত্তে এই Concept বা ধারণার প্রথম ব্যবহার করা হয়। তারপর থেকে সারা বিশ্বের সকল পরিবেশবাদী এবং আনইজীবীরা এই "ইকোসাইড" (ECOCID) ধারণাকে আইনে রূপান্তরের নিরন্তর সংগ্রাম অব্যাহত রেখেছেন।

ভিয়েতনাম যুদ্ধ চলাকালীন আমেরিকা যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী কর্তৃক "Agent Orange" কে প্রফেসর আর্থার গালস্টন (Prof. Arthor Galston) বলেছেন যে, "The destruction by defoliants of mangroves lining the estu aries of South Vietnam eliminates 'one of the most important ecolocial niches for the completon of the life cycle of certain shellfish and migratory fish.' This development could affect the health and welfare of South Vietnamese who depend heavily on such marine life for protein."

*আইনের অধ্যাপক **Itarry W. Peffigreul** ইকোসাইডের ধারণাটি গ্রহণ করেন এবং ১৯৭১ সালে তার এক প্রবন্ধে "**A Constitutional right of freedom from Ecocide**' বিষয়টি নিয়ে যুক্তিতর্ক উপস্থাপন করে বলেন যে, আমেরিকার সংবিধানের নবম সংশোধনী ইকোসাইডের অস্থিত্বকে সমর্থন করে।*

*অতঃপর **UN Law Commision** এর নিকট ২০১০ সালে রোম **Statute** সংশোধন করে "**ecocide**" সংযুক্ত করার জন্য স্কটিশ ব্যারিস্টার এবং পরিবেশবাদী একটি **proposal** উপস্থাপন করেন।*

*ফলশ্রুতিতে ২০১০ সালে **Scotish** আইনজীবী **Poll Higging** "ইকোসাইড"-কে স্বীকৃতি প্রদানের জন্য "শান্তির বিপক্ষে অপরাধ" নামে একটি আন্দোলন শুরু করেন। তার অভূতপূর্ব ক্যারিসমাটিক বক্তব্যের কারণে বিষয়টি সারা বিশ্বের প্রিন্ট এবং ইলেকট্রনিক্স মিডিয়া লুফে নেয় এবং বিশ্বও এটি নিয়ে ভাবতে শুরু করে। তিনি দুটি বই লেখেন।*

*২০১৫ সালে প্রফেসর **laurent Neyret** এর নেতৃত্বে ১৬ সদস্যের আন্তর্জাতিক আইনজীবীদের একটি টীম তৎকালীন মার্কিন প্রসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের **Minister of Justice christiane Taubira** এর নিকট "**From ecocdimes to ecocide**" শিরোনামে একটি রিপোর্ট দাখিল করে। এটিতে ৩৫টি দেশ প্রস্তাব পেশ করে জাতীয় ও আন্তর্জাতিক পরিবেশ অপরাধীদের সাজা প্রদান করতে। ঐ রিপোর্টে ইকোসাইড এর সংজ্ঞা দিতে গিয়ে বলা হয়েছে যে, **Rome Statute, 1991** এ শুরুতে **Ecocide** অন্তর্ভুক্ত ছিল। কিন্তু পরবর্তীতে বিরোধীতার কারণে বাদ পড়ে।*

*সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ সরকার ১৯৭৩ সালে পৃথিবীর প্রথম যুদ্ধাপরাধ আইন তথা **The International Crime (Tribunal) Act, 1973** প্রণয়ন করেন। অপরদিকে আন্তর্জাতিক অপরাধ আইন তথা **The Rome Statute of the***

International Criminal Court International Criminal Court Statute of the Rome Statute *চুক্তির মাধ্যমে আন্তর্জাতিক অপরাধ আদালত* ***(International Criminal Court)*** *প্রতিষ্ঠা লাভ করে ১৭ই জুলাই ১৯৯৮ তারিখে ইতালির রোম শহরে ডিপলোমেটিক সম্মেলনে। ১লা জুলাই ২০০২ তারিখ হতে এটি বলবৎ হয়। এইকভাবে পৃথিবীর প্রথম ইকোসাইড আইনটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার প্রণয়ন করবেন বলে আমাদের আশা।*

Ecoside alliance *তথা* ***International Parliamentary Alliance for the recognition of ecoside*** *যেটি ইউরোপিয়ান পার্লামেন্টের গ্রীন মেম্বার* ***"Marie Toussaint"*** *এর উদ্যোগে এই* ***alliance*** *টির উদ্দেশ্য একটি নির্বাচিত প্রতিনিধিদের একটি নেটওর্য়াক প্রতিষ্ঠা করা যারা একসাথে কাজ করতে ইচ্ছুক, জাতীয় থেকে আন্তর্জাতিক পর্যায়ে ইকোসাইড রিকগনাইজেশনের লক্ষ্যে একসাথে কাজ করতে ইচ্ছুক। তাদের মূল বক্তব্য এবং খোলা চিঠি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ*

"Facing the destruction of Eco System, Climate change and the mass extinction biodiverstion, it is trying to priminalise those who threatened the planet and our rights."

"We, parliamentarians from all over the planet, unite in an internation alliane for the recognization of the crime of Ecoside."

OPEN LETTER

In view of the Nineteenth session of the Assembly of States Parties of the Statute of Rome, from 14 to 23 December, the Members of the Ecocide Alliance wrote an open letter to all Foreign Affairs Ministers of the States Parties, asking them to work together to achieve urgently the formal recognition of the crime of ecocide.

Dear Honourable Ministers,

After months of discussions, you will shortly be voting for a new Prosecutor of the International Criminal Court. This is a crucial opportunity to push for a reform of the Court, including to allow the international community to stand up against the crimes which endanger life on the planet.

In 1998, the Statute of Rome introduced crucial international cooperation into the process of investigating the most important crimes committed on our planet. At the time, recognition of ecocide was discussed, but did not make the final cut : the Court has jurisdiction in cases of "widespread, long-term and severe damage to the natural environment", although only in times of war (Rome Statute, Art. 8). We now know that the most severe crimes against the environment do not only happen during war, and that the ecological crisis has now reached a critical stage which imposes us to entirely rethink our legal framework, our international cooperation and agreements.

The current prosecutor, Ms. Fatou Bensouda, has taken a first step. In 2016, she published a "Policy paper on case selection and prioritisation", announcing that certain environmental crimes relating to the "illegal exploitation of natural resources", and "land grabbing or the destruction of the environment" would be taken into her office's scope of action. That was an important milestone but we need to go one step further: we need to formally recognize ecocide.

As members of the International parliamentary alliance for the recognition of ecocide, we call on you to appoint a prosecutor who will advocate for the investigation of the most severe environmental crimes, and the prosecution of those who commit them, even when they are committed during peace times.

Yet, howewer courageous the ICC Prosecutor will be, she or he can do nothing more without the support of the States. It is therefore your responsibility to work together to achieve the formal recognition of ecocide within the Statute of Rome. Ecocide is now being discussed in more and more countries : in Belgium, Sweden, France, the Netherlands, and the Republics of Vanuatu and the Maldives officially requested an ecocide amendment to the Roma Statute last year. The whole international community must now engage with this discussion.

Time is running out. We need you to act with urgency, we need you to be clear-headed, we need you to be bold.

We therefore ask that, by next year, the necessary amendments to the Statute of Rome will be considered and the Assembly given the opportunity to respond to the ecological challenge of our time by recognising ecocide.

We thank you in advance for your consideration.

Yours sincerely,

Rodrigo AGOSTINHO, deputy at the Federal Assembly (Câmara Federal) of Brazil

D**Rebecka LE MOINE**, Member of the Swedish Parliament

Lindsey SCHROMEN-WAWRIN, City Councilmember in Port Angeles, Washington State, United States

Samuel COGOLATI, Belgian Federal Deputy

Caroline LUCAS, Member of the British Parliament

Marie TOUSSAINT, Members of the European Parliament

Eufemia CULLAMAT, Member of the Philippine House of Representatives

Senator Janet RICE, Australian Senator

Inés SABANÉS, Spanish Deputy

Senator Larissa WATERS, Australian Senator

পরিবেশের অপর নাম শান্তি। পরিবেশ সম্মত শাসন ব্যবস্থা তথা পরিবেশকে সুরক্ষাকারী শাসন ব্যবস্থা যেমনি বিবাদ ও বিরোধ কমিয়ে আনে তেমনি স্থানীয় ও বৈশ্বিক নিরাপত্তাও নিশ্চিত করে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামীলীগ সরকার আজ থেকে ২৩ বৎসর পূর্বে ২রা ডিসেম্বর ১৯৯৭ সালে পার্বত্য শান্তি চুক্তি সম্পাদনের মাধ্যমে পাহাড়ে শান্তি এনে উক্ত অঞ্চলকে নিরাপদ করেছেন তেমনি পাহাড়ের পরিবেশ ও প্রতিবেশ সুরক্ষা করতে সক্ষম হয়েছেন। এটি একটি বিরল নজীর।

ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব নেচার [Internationl Union for Consevation of Nature (IUCN)] তার ভিশন "A just world that values and conserves nature" এবং মিশন "Influence, Encourage and assist soceities to conserve the integrity and diversity of nature and ensure that any use of natural resources is equitable and ecologically sustainable." নির্ধারণ করে পরিবেশ এবং শান্তিকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করেছে যা নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

> ***"Environment and Peace***
>
> *The IUCN CEESP Environment and Peace Theme focuses on the integration of natural resource management in conflict prevention, mitigation, resolution and recovery to build resilience in communities affected by conflict.*
>
> ***Environment and peace are cross-cutting and relevant in all areas of conservation, sustainable development and security.***

The theme is constituted on the understanding that buildig more effective environmental governance and policy can reduce conflict and ensure security from local to global levels. By reducing convlict and conflict potential and by strengthening environmental security we lay the ground for enduring social and environmental sustainability.

As in international expert and volunteer driven network, the theme provides a platform for practitioners all around the world to share information, collaborate and innovate across the field. We bring together leading scientific and local knowledge, aimed at addressing social conflicts around conservation, resource use and actitities that damage environments and ecosystems.

Main Areas of Work

The Theme on Environment and Peace seeks to strengthen the IUCN's work in the following five areas:

1. SOCIAL CONFLICTS & PEACE

* *We address social conflicts and peace through inclusion, diversity, access, just conservation.*
* *Transforming natural resource-based social conflicts (i.e. regarding access to and competing interests)*
* *Transforming social conflicts involving indigenous peoples and local communities (i.e. impacts of conservation)*
* *Transforming identity-based conflicts that relate to environment, natural resources or conservation*

2. SECURITY & PEACE

* *Security is encouraged through relilience, livelihoods and access to resources*
* *Natural resource security in situations of conflict*

* *Livelihood and economic security of vulnerable communities affected by the impacts of humans on the environment (i.e. development, extraction)*
* *Building relilience of communities affected by (environmental) conflict*

3. ECOLOGICAL CONFLICTS & PEACE

* *Through advocating coexistence, rule of law, monitoring and appropriate use of techology in conservation practice*

* *Transforming human-wildlife interactions*
* *Transforming unsustainable human activities: development, extraction, poaching, endangerment of species, climate, change, etc.*

4. PEACEBUILDING

* *Culture of Ethic of Peace and the Environment*
* *Activities and strategies*

5. CONFLICT RESOLUTION

* *Rights-based approaches to conservation*
* *Conflict prevention and transformation*
* *Disaster Risk Reduction*
* *Addresssing wildlife trade and biodiversity threats-CITES/Wildlife Wars/Ecocide*

We achieve this by:

* *Promoting the prevention, management and resolution of social conflict as a key requirement for conservation and management of ecosystems*
* *Supporting action that reduces conflict and strengthens security through collaborating with the IUCN secretariat, members and commissions and oter partner organizations*

* *supporting the establishment of inclusive multi-stakeholder platforms, including experts in conflict management and prevention; bringing together scientific and local knowledge, aimed at addressing social conflicts around conservation, resource use and activities that damage environments and ecosystems*
* *Sharing and contributing knowledge to increase understanding on environmental policies and action that reduce conflict and improve security*"

আমরা মানব জাতি এ পৃথিবীর অতিথি মাত্র। আমরা সকল মানব জাতি কিছু সময়ের জন্য এ পৃথিবীতে অবস্থান করার নিমিত্তে এসেছি এবং প্রত্যেককে খুবই স্বল্প এবং নির্দিষ্ট সময় পর এ পৃথিবী ছেড়ে চলে যেতেই হবে। সুতরাং অতিথি হিসেবে আমরা পৃথিবীর নিয়ম কানুন মেনে চলতে বাধ্য। এমনভাবে আমাদের চলতে হবে যেন পৃথিবী অর্থাৎ প্রকৃতির কোন নিয়ম কানুন এর বিপরীতে আমাদের অবস্থান না হয়। সর্বোপরি, আমাদের চলাচল হবে প্রকৃত অতিথির মত। অতিথি যেমনটি আত্মীয়ের বাড়ীতে সতর্কতা এবং সাবধানে চলাচল করে তেমনি আমাদেরকেও তথা মানব জাতিকে আমাদের এই পরম আত্মীয় পৃথিবীতে সাবধানে এবং সতর্কতার সহিত চলাফেরা করতে হবে। এটিই প্রকৃতির নিয়ম।

আমাদের দেশকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্নের পরিবেশবান্ধব উন্নত দেশ হিসেবে তৈরী করতে হলে নিম্মোক্ত বিষয়গুলোর উপর দ্রুত পদক্ষেপ গ্রহণ করা জরুরী বলে আমরা মনে করি।

১। নবায়নযোগ্য জ্বালানী আইণ প্রণয়ন;

২। নবায়নযোগ্য জ্বালানী মন্ত্রণালয় প্রতিষ্ঠা;

৩। জাতীয় নবায়নযোগ্য জ্বালানী কমিশন গঠন;

৪। জার্মানির নীতি অনুসরণ পূর্বক বাংলাদেশকে শতভাগ নবায়নযোগ্য জ্বালানী নির্ভর রাষ্ট্রে পরিণত করার মহা পরিকল্পনা গ্রহণ করা।

৫। *রীট পিটিশন নং- ৩৫০৩/২০০৯ এবং রীট পিটিশন নং- ১৩৯৮৯/২০১৬ এর রায় দ্রুত বাস্তবায়ন।*

৬। *"সাইকেল লেন ছাড়া কোন সড়ক নয়" নীতি অবলম্বন করে ঢাকাসহ বাংলাদেশের সকল সড়ক ও মহাসড়কে বাধ্যতামূলকভাবে পৃথক বাইসাইকেল লেন এবং সাইকেল স্ট্যান্ড নির্মাণ;*

৭। *বাংলাদেশের সকল নদ-নদী এবং খালের উভয় পাড়ে পার্ক স্থাপন, হাটার পথ এবং বাইসাইকেলের জন্য পৃথক লেন করা;*

৮। *বাংলাদেশকে নেদারল্যান্ডস এর মত বাইসাইকেলের দেশ হিসেবে তৈরী করার দীর্ঘমেয়াদী কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা;*

৯। *বাংলাদেশের সকল বিল, হাওর-বাওর, নালা, ঝিল, ঝিরিসহ সকল জলাভূমির চতুরপার্শ্বে সুরক্ষা বেস্টনি দিয়ে পায়ে চলার পথ তৈরী করা;*

১০। *প্লাস্টিক ব্যাগ সম্পূর্ণ নিষিদ্ধ করে ১২০০ বৎসর পুরনো জাপানের ঐতিহ্যবাহী ফুরসকি কাপড়ের ব্যাগ* ***(Furoshiki Cloth)*** *তথা বাজার করার ব্যাগ তথা মোড়ানো কাপড়ের ব্যাগ ব্যবহারের প্রচলন করা;*

১১। *সকল উন্নয়ন পরিকল্পনায় ইকোসেন্ট্রিক* ***(ecocentric)*** *তথা প্রকৃতি কেন্দ্রিক পন্থা অবলম্বন গ্রহণ করা।*

১২। *ইকোসাইড* ***(ECOCID)*** *কে* ***The International Crime (Tribunal) Act, 1973*** *এর ধারা ৩ এর অন্তর্ভূক্তকরণ।*

১৩। *"বাংলাদেশে সকল জাতীয় পার্কে", জাতীয় উদ্যান-কে পৃথক ব্যবস্থাপনা, রক্ষণ, সংরক্ষণ এবং পরিচালনার নিমিত্তে পৃথক কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করে আমেরিকার জাতীয় উদ্যানের আদলে বিশেষ করে ইয়োসমেটিক ন্যাশনাল পার্ক* ***(yosemite National part)*** *এর আদলে তৈরি করা।*

১৪। বাংলাদেশ্থ ইউনেস্কো বিশ্ব ঐহিত্য (UNESCO World Heritage) সমূহ (সুন্দরবন, বাগেরহাটের ঐতিহাসিক মসজিদ শহর এবং পাহাড়পুরের বৌদ্ধ বিহার) বিশ্ব ঐতিহ্য হিসেবে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে রক্ষণ, সংরক্ষণ এবং উন্নয়নের লক্ষ্যে পৃথক কর্তৃপক্ষ তথা "বাংলাদেশ্থ ইউনেস্কো বিশ্ব ঐহিত্য (UNESCO World Heritage) সুন্দরবন, বাগেরহাটের ঐতিহাসিক মসজিদ শহর এবং পাহাড়পুরের বৌদ্ধ বিহার রক্ষণ, সংরক্ষণ এবং উন্নয়ন কর্তপক্ষ" প্রতিষ্ঠা করা।

যেহেতু পৃথীবির উপরিভাগের ৭১% পানি দ্বারা আবৃত থাকলেও উহার মাত্র ৩% Fresh Water তথা ব্যবহারযোগ্য পানি; যেহেতু পৃথীবির ৯৭% পানি সমুদ্রের যা লবনাক্ততার কারণে যেমনি পানযোগ্য নয় তেমনি ফসল উৎপাদনেও ব্যবহারযোগ্য নয়। যেহেতু পৃথীবির ৩% Fresh Water তথা ব্যবহারযোগ্য পানির মধ্য হতে ২.৫% পানি মাটি, বায়ুমন্ডল, গ্লাসিয়ার (Glaciers) এবং পোলার আইস ক্যাপ (polar ice caps)-এ আবদ্দ থাকার কারণে, চরম দূষিত থাকার কারণে এবং মাটির অনেক গভীরে থাকার কারণে ব্যবহার করা সম্ভব নয়; যেহেতু পৃথীবির ৩% Fresh Water তথা ব্যবহারযোগ্য পানির মধ্য হতে মাত্র ০.৫% সমগ্র পৃথিবীর মানুষের জীবনধারন ও ব্যবহারের জন্য, সমগ্র পৃথিবীর প্রাণীকুলের বেঁচে থাকার জন্য এবং সমগ্র পৃথিবীর শাক, সবজি এবং ফল উৎপাদনের জন্য মজুদ আছে। যেহেতু পৃথিবীর জনসংখ্যা যতই বৃদ্ধি পাক না কেন এবং প্রাণীকুল ও ফসলাদির উৎপাদন যতই বাড়ানো হোক না কেন Fresh Water তথা ব্যবহারযোগ্য পানি ঐ ০.৫% নির্ধারিত; এবং যেহেতু ০.৫% এর উপর Fresh Water তথা ব্যবহারযোগ্য পানি বাড়ানোর কোন উপায় নাই এবং যেহেতু এই ০.৫% Fresh Water তথা ব্যবহারযোগ্য পানি নদ-নদী, খাল-বিল, হাওড়-বাওড়, পুকুর-দীঘি, মাটির নীচে (Ground Water) এবং সকল প্রকার জলাভূমি (Wetlands) এ অবস্থিত; এবং যেহেতু Fresh Water তথা ব্যবহারযোগ্য পানির উপরিল্লিখিত ০.৫% যথাযথভাবে সংরক্ষণ এবং এর সর্বোত্তম ব্যবহার মানব জাতির জন্য একান্ত অপরিহার্য এবং সেহেতু সকল জলাভূমি (Wetlands) সংরক্ষণ করা আমাদের সকলের বেঁচে থাকার জন্য একান্ত অপরিহার্য; এবং যেহেতু ২০০৯ সাল থেকে অদ্য পর্যন্ত সোনারগাঁও উপজেলা প্রশাসনের সকল চিঠিপত্র, পরিবেশ অধিদপ্তরের সকল চিঠিপত্র, হাইকোর্ট বিভাগের সকল আদেশ, আদালত অবমাননা মামলার আদেশ এবং

আপীল বিভাগের আদেশ সমূহ পর্যালোচনায় এটি দিবালোকের মত স্পষ্ট যে, ১১ এবং ১২ নং প্রতিপক্ষ সোনারগাঁও উপজেলা প্রশাসন, পরিবেশ অধিদপ্তর এবং আদালতের আদেশ নির্দেশ সত্ত্বেও সোনারগাঁও উপজেলাস্থ পিরোজপুর ইউনিয়নের পিরোজপুর, জৈনপুর, চরহিস্যা, চর ভবনাথপুর, ভাটিয়াবান্দা এবং রতনপুর মৌজার কৃষি জমি, নিচু জমি এবং জলাভূমি (Wetlands) বেআইনীভাবে তথা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ৩৩ এর পরিপন্থী ভাবে এবং ভঙ্গ করে বালু দিয়ে ভরাট করে দখল করেছেন; সেহেতু, অত্র রুলটি চুড়ান্ত যোগ্য।

অতএব, আদেশ হয় যে, অত্র রুলটি বিনা খরচায় চুড়ান্ত করা হলো।

সোনারগাঁও ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড (১১নং প্রতিপক্ষ) এবং ১২নং প্রতিপক্ষ কর্তৃক নারায়নগঞ্জ জেলাধীন সোনারগাঁও উপজেলাস্থ পিরোজপুর ইউনিয়নের পিরোজপুর, জৈনপুর, চরহিস্যা, চরভবনাথপুর, ভাটিয়াবান্দা এবং রতনপুর মৌজার কৃষিজমি, নীচুজমি এবং জলাভূমি অবৈধভাবে এবং বেআইনীভাবে বালু দিয়ে ভরাট কার্যে বাধা দেয়ার ক্ষেত্রে প্রতিবাদী পক্ষগণের "নিষ্ক্রিয়তা" আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে গ্রহণ করা হয়েছে বিধায় উক্ত নিষ্ক্রিয়তা অবৈধ মর্মে ঘোষণা করা হল এবং সোনারগাঁও ইউনিক প্রোপার্টি ডেভেলপমেন্ট লিমিটেড (১১নং প্রতিপক্ষ) ও ১২নং প্রতিপক্ষ কর্তৃক নারায়নগঞ্জ জেলাধীন সোনারগাঁও উপজেলাস্থ পিরোজপুর ইউনিয়নের পিরোজপুর, জৈনপুর, চরহিস্যা, চরভবনাথপুর, ভাটিয়াবান্দা এবং রতনপুর মৌজার বেআইনীভাবে তথা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ৩৩ এর পরিপন্থী ভাবে এবং ভঙ্গ করে বালু দিয়ে ভরাটকৃত কৃষিজমি, নীচুজমি এবং জলাভূমি ১১ এবং ১২নং প্রতিপক্ষের খরচে পুনরুদ্ধার করা আইনানুসারে প্রতিবাদীপক্ষগণের করণীয় কার্য হেতু উক্ত কার্য সম্পাদনের জন্য প্রতিপক্ষগণকে নির্দেশ প্রদান করা হলো। **আমরা, অতঃপর, নিম্নেবর্ণিত আদেশ এবং নির্দেশনাসমূহ প্রদান করলামঃ**

১। যেহেতু বাংলাদেশ "রামশার কনভেনশন" *(Ramsar Convention)* বাস্তবায়নের অঙ্গীকার করে আন্তর্জাতিক চুক্তি সম্পাদন করেছে সেহেতু উক্ত অঙ্গীকার এবং চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত জাতীয় নীতিমালা গ্রহণ

করে প্রয়োজনীয় আইন প্রণয়ন করা সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ ১-১০নং প্রতিপক্ষগণের আইনগত দায়িত্ব ও কর্তব্য।

২। ***'তুরাগ নদী'* রায় মোতাবেক সকল জলাভূমি** (Wetlands) **পাবলিক ট্রাস্ট প্রপার্টি (Public Trust Property) তথা জনগণের ন্যাস সম্পত্তি তথা জাতীয় সম্পত্তি।**

৩। সকল জলাভূমির (Wetlands) সুরক্ষা, উন্নয়ন এবং ব্যবস্থাপনার নিমিত্তে অনতিবিলম্বে পৃথক মন্ত্রণালয় তথা "জলাভূমি মন্ত্রণালয় (Ministry of Wetlands)" সৃষ্টি করা।

৪। "জলাভূমি (Wetlands) সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন" দ্রুত প্রণয়ন করা।

৫। **১১** এবং **১২**নং প্রতিপক্ষ কর্তৃক নারায়নগঞ্জ জেলাধীন সোনারগাঁও উপজেলাস্থ পিরোজপুর ইউনিয়নের পিরোজপুর, জৈনপুর, চরহিস্যা, চরভবনাথপুর, ভাটিয়াবান্দা এবং রতনপুর মৌজার কৃষিজমি, নীচুজমি এবং জলাভূমি কি পরিমাণ দখল এবং বালু দিয়ে ভারট করা হয়েছে তার পরিমাণ এবং ক্ষতিপূরণ নির্ধারণ করার জন্য যৌথভাবে পরিবেশ অধিদপ্তর এবং স্থানীয় প্রশাসনকে নির্দেশ প্রদান করা হলো। এখানে ক্ষতিপূরণ নির্ধারণের সময় নির্ধারণ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৬। অত্র রায় ও আদেশের অনুলিপি প্রাপ্ত হওয়ার পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে পরিবেশ অধিদপ্তর এবং স্থানীয় প্রশাসনের তদন্ত সমাপন্তে সোনারগাঁ থানাধীন আলোচ্য ০৬ (ছয়)টি মৌজার বালুদ্বারা ভরাটকৃত কৃষিভূমি, নীচুভূমি এবং জলাভূমি **১১** এবং **১২**নং প্রতিপক্ষের খরচে পুনরুদ্ধার করে পূর্বাবস্থায় ফেরত আনার জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশ প্রদান করা হলো।

৭। অত্র রায় ও আদেশের অনুলিপি প্রাপ্ত হওয়ার পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে পরিবেশ অধিদপ্তর এবং স্থানীয় প্রশাসন কর্তৃক **১১** এবং **১২**নং প্রতিপক্ষ কর্তৃক বালুদ্বারা জনগনের কৃষিভূমি ভরাটের বিষয়ে তদন্ত করে, সংশ্লিষ্ট ব্যক্তিগণের ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ করে তাদের প্রাপ্য ক্ষতিপূরণ **১১** এবং **১২**নং

প্রতিপক্ষ হতে আদায় করে দেওয়ার জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশনা প্রদান করা হলো।

৮। অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ৩৩ এর বিধান মতে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার আবেদন করতে ইচ্ছুক হলে আবেদন পত্রের সাথে পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি পত্র সংযুক্তকরণ বাধ্যতামূলক।

৯। ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের ক্ষেত্রে এসপিএ, আরআর এসও সেটেলাইটের সাহায্যে আরএস /জিআইএস উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের সকল জলাভূমি (Wetlands) এর ভৌগলিক অবস্থান নির্ণয় এবং জীব বৈচিত্র বিষয়ক তথ্যাদি সংগ্রহপূর্বক সকল ইউনিয়ন, উপজেলা এবং জেলার ম্যাপ প্রস্তুত করতঃ সংশ্লিষ্ট স্ব স্ব দপ্তর সকল নাগরিকের জন্য উন্মুক্ত স্থানে বিলবোর্ড আকারে প্রদর্শন করবে এবং যেকোন নাগরিকের আবেদনের ভিত্তিতে নির্ধারিত ফিসের বিনিময়ে যেন উক্ত ডাটাবেজ বা ম্যাপ সংগ্রহ করতে পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট উপজেলা এবং জেলা প্রশাসন এর কার্যালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

১০। বাংলাদেশের সকল সরকারী বেসরকারী স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারী বেসরকারী সকল বিশ্ববিদ্যালয়ের প্রতিটি শ্রেণিতে এবং বিভাগে প্রতি দুই মাস অন্তর একদিন এক ঘন্টার একটি জলাভূমির (Wetlands) প্রয়োজনীয়তা, উপকারিতা, রক্ষা, দূষণ সংরক্ষণ বিষয়ে সচেতনতামূলক ক্লাস পরিচালনা এবং এতদ্‌বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান নির্দেশ মোতাবেক ক্লাস নিচ্ছে কিনা তা তদারকী করার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ প্রদান করা হলো।

১১। দেশের প্রতিটি ইউনিয়ন, উপজেলা, পৌরসভা এবং জেলায় প্রতি তিন মাস অন্তর একদিন দিনব্যাপী জলাভূমি (Wetlands) এর প্রয়োজনীয়তা বিষয়ক র‍্যালি, চিত্র প্রদর্শনী ও বিভিন্ন প্রকার প্রতিযোগীতা, আলোচনা এবং সেমিনার করার

জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, উপজেলার চেয়ারম্যান, পৌর মেয়র এবং জেলা পরিষদের চেয়ারম্যানকে নির্দেশ প্রদান করা হলো।

অত্র রীট মোকদ্দমাটি একটি **চলমান আদেশ *(Continuing Mandamus)*** হিসেবে অব্যাহত থাকবে।

দরখাস্তকারী বাংলাদেশ পরিবেশ আইন সমিতি (বেলা) Bangladesh Environmental Lawyers Association (BELA)-কে জলাভূমি রক্ষায় বিশেষ ভূমিকা রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হলো।

জলাভূমি (Wetlands) এবং পরিবেশ রক্ষায় সকল প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়া যে ব্যাপক প্রচারণা এবং সোচ্চার ভূমিকা পালন করে চলেছে তাঁদের সকলকে অভিনন্দন।

অত্র রায় ও আদেশের অনুলিপি বাংলাদেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারম্যান বরাবরে ই-মেইলে প্রেরণের জন্য রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।

অত্র রায় ও আদেশের অনুলিপি Judicial Administration Training Institute (JATI) তে ই-মেইলে পাঠানোর জন্য রেজিষ্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।

অত্র রায়ের একটি কপি আইন কমিশনের মাননীয় চেয়ারম্যান মহোদয়কে ই-মেইলে পাঠানোর জন্য রেজিষ্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।

অত্র রায় ও আদেশের অনুলিপি সকল প্রতিবাদী পক্ষগণকে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, নদী রক্ষা কমিশন, সকল জাতীয় সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, পৌর মেয়র, সকল উপজেলা চেয়ারম্যান, সকল উপজেলা নির্বাহী অফিসার, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্তে দ্রুত ই-মেইলের মাধ্যমে অবহিত করা হউক।

অত্র রায়ের একটি অনুলিপি সরাসরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ মনোযোগ আকর্ষণের নিমিত্তে প্রেরণ করা হোক, যাতে তিনি তাঁর ব্যক্তিগত

উদ্যোগে বাংলাদেশের সকল জলাভূমি (Wetlands) রক্ষায় জরুরী ভিত্তিতে পদক্ষেপ নিতে পারেন। অত্র রায়ের সহি মহরী অনুলিপি অতি সত্তর বই আকারে বাঁধাই করে রেজিস্ট্রার জেনারেল স্বশরীরে উপস্থিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রী সম্মুখে পেশ করবেন।

পুনশ্চঃ

দ্বিজেন্দ্রলাল রায়, যিনি ডি এল রায় নামে পরিচিত তাঁর প্রাণ আকুল করা অসম্ভব চমৎকার বাণী ও মনকাড়া সুরের কালজয়ী "ধনধান্য পুস্পভরা" গানটি নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

ধনধান্য পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা
তাহার মাঝে আছে দেশ এক-সকল দেশের সেরা;
ও সে, স্বপ্ন দিয়ে তৈরি সে-দেশ, স্মৃতি দিয়ে ঘেরা;
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
সকল দেশের রানি সে যে-আমার জন্মভুমি।

চন্দ্র সূর্য গ্রহ তারা, কোথায় উজল এমন ধারা।
কোথায় এমন খেলে তড়িৎ এমন কালো মেঘে!
তারা পাখির ডাকে ঘুমিয়ে উঠি, পাখির ডাকে জেগে;
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
সকল দেশের রানি সে যে-আমার জন্মভুমি।

এত স্নিগ্ধ নদী কাহার, কোথায় এমন ধূম্র পাহাড়!
কোথায় এমন হরিৎক্ষেত্র আকাশতলে মিশে!
এমন ধানের উপর ঢেউ খেলে যায় বাতাস কাহার দেশে!
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
সকল দেশের রানি সে যে-আমার জন্মভুমি।

পুষ্পে পুষ্পে ভরা শাখী; কুঞ্জে কুঞ্জে গাহে পাখি;

গুঞ্জরিয়া আসে অলি পুঞ্জে পুঞ্জে ধেয়ে

তারা, ফুলের উপর ঘুমিয়ে পড়ে ফুলের মধু খেয়ে;

এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,

সকল দেশের রানি সে যে-আমার জন্মভুমি।

ভায়ের মায়ের এত স্নেহ কোথায় গেলে পাবে কেহ!

-ওমা তোমার চরণ দুটি বক্ষে আমার ধরি,

আমার এই দেশেতে জন্ম-যেন এই দেশেতে মরি-

এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,

সকল দেশের রানি সে যে-আমার জন্মভূমি।

দ্বিজেন্দ্রলাল রায় এর উপরিল্লিখিত গানটির কথার সাথে একাত্মতা প্রকাশ করে আসুন আমরা সকলে মিলে আমাদের এই প্রিয় জন্মভূমিকে পরিবেশবান্ধব উন্নত দেশ হিসেবে গড়ে তুলি।

বিচারপতি রাজিক আল জলিল

আমি একমত